



বাংলাদেশের উদ্ভিদ লাল তালিকা (সার-সংক্ষেপ)



বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম ও বন অধিদপ্তর
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়



বাংলাদেশের উদ্ভিদ লাল তালিকা

(সার-সংক্ষেপ)

টেকনিক্যাল টিম

লিড অ্যাসেসর

মোহাম্মদ আতিকুর রহমান
মোহাম্মদ হারুন-অর-রশিদ
এম. ওলিউর রহমান
ছালেহ আহাম্মদ খান

রিভিউয়ার

ফখরুদ্দিন আলী আহমেদ
মোহাম্মদ কামাল হোসেন

ট্রেনার

এমিলি বিচ
জেমস ট্যালান্ট

আইইউসিএন বাংলাদেশ টিম

রাকিবুল আমিন, প্রাতিষ্ঠানিক উপদেষ্টা
এ বি এম সারোয়ার আলম, লাল তালিকা প্রকল্প সমন্বয়কারী
সালেহ মোঃ মুসা, প্রোগ্রাম অফিসার
আমেনা ইয়াসমিন, প্রোগ্রাম অফিসার
মোঃ তারেক আজিজ, সিনিয়র প্রোগ্রাম অ্যাসিস্ট্যান্ট
মোঃ মহসিন কবির, জিআইএস এবং ডেটা অ্যানালিস্ট
তানিয়া জাকির, প্রোগ্রাম অ্যাসিস্ট্যান্ট
আশীষ কুমার দত্ত, প্রোগ্রাম অ্যাসিস্ট্যান্ট
ফারাহ আনজুম, প্রোগ্রাম অ্যাসিস্ট্যান্ট

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম ও বন অধিদপ্তর
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

২০২৪

ম্যানেজমেন্ট টিম

বন অধিদপ্তর টিম

মোঃ আমীর হোসাইন চৌধুরী
প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর

গোবিন্দ রায়
প্রকল্প পরিচালক, টেকসই বন ও জীবিকা প্রকল্প

মোঃ আবদুল্লাহ আব্রাহাম হোসেন
উপ প্রকল্প পরিচালক, টেকসই বন ও জীবিকা প্রকল্প

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম টিম

ড. ফাহিমদা খানম
প্রাতিষ্ঠানিক উপদেষ্টা

সঞ্জয় কুমার ভৌমিক
প্রাতিষ্ঠানিক উপদেষ্টা

পরিমল সিংহ
প্রাতিষ্ঠানিক উপদেষ্টা

ড. মোহাম্মদ ছায়েদুর রহমান
ফোকাল পয়েন্ট

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম ও বন অধিদপ্তর
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

২০২৪

বাংলাদেশের উদ্ভিদ লাল তালিকা

(সার-সংক্ষেপ)

প্রথম প্রকাশ: মে ২০২৪

প্রকাশক

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, বন অধিদপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং আইইউসিএন, আন্তর্জাতিক প্রকৃতি ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ইউনিয়ন

কপিরাইট

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, বন অধিদপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং আইইউসিএন, আন্তর্জাতিক প্রকৃতি ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ইউনিয়ন

উদ্ধৃতি

আইইউসিএন বাংলাদেশ। ২০২৪। বাংলাদেশের উদ্ভিদ লাল তালিকা (সার-সংক্ষেপ)। বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, বন অধিদপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং আইইউসিএন, আন্তর্জাতিক প্রকৃতি ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ইউনিয়ন, পৃষ্ঠা- vi+120

ISBN 978-984-37-0011-7

মুদ্রণে : প্রিয়াংকা প্রিন্টিং অ্যান্ড পাবলিকেশন

প্রচ্ছদ আলোকচিত্র

সামনের প্রচ্ছদ: (উপরে বামে) *Podocarpus nerifolius* © মোঃ শরীফ হাসান সৌরভ, (উপরে ডানে) *Aerides multiflora* © মোঃ শরীফ হাসান সৌরভ, (নিচে ডানে), *Sterculia urens* © মোঃ শরীফ হাসান সৌরভ, (নিচে বামে) *Mucuna bracteata* © মোঃ শরীফ হাসান সৌরভ।

বাংলাদেশের উদ্ভিদ লাল তালিকার অন্যান্য ভলিউমসমূহ

Plant Red List of Bangladesh : Summary

Plant Red List of Bangladesh : Volume 1

Plant Red List of Bangladesh : Volume 2

১.১	ভূমিকা	০১-১৩
১.১.১	উদ্ভিদ	০১
১.১.১.১	বিশ্বের উদ্ভিদ পটভূমি	০১
১.১.২	বাংলাদেশের শ্রেণ্যপটে উদ্ভিদ	০১
১.২	উদ্ভিদ গ্রুপ	০২
১.২.১	টেরিডোফাইটস	০২
১.২.২	জিমিনোস্পোরাম বা নগ্নবীজী উদ্ভিদ	০৩
১.২.৩	অ্যাক্সিলোস্পোরাম বা আবৃতবীজী উদ্ভিদ	০৪
১.৩	বাংলাদেশে উদ্ভিদের প্রধান আবাসস্থল	০৭
১.৩.১	মিশ্র-চিরসবুজ বন	০৭
১.৩.২	পর্ণমোচী/পত্রহারা বন	০৭
১.৩.৩	ম্যানগ্রোভ বন	০৮
১.৩.৪	মিঠা পানির জলাভূমি বন	০৯
১.৩.৫	বাঁশ-বন ও তৃণভূমি	০৯
১.৩.৬	হোমস্টিড বা বসতবাড়ীর বন	০৯
১.৪	বাংলাদেশের সংরক্ষিত এলাকায় উদ্ভিদ	০৯
১.৫	বাংলাদেশে লাল তালিকার ইতিহাস	১৩
১.৫.১	বাংলাদেশের জন্য আইইউসিএন রেড লিস্ট বা লাল তালিকা	১৩
১.৫.২	বাংলাদেশে মূল্যায়নকৃত প্রজাতির অবস্থা	১৩
২	বাংলাদেশের লাল তালিকা: মূল্যায়ন পদ্ধতি	১৫-২৩
২.১	লাল তালিকা মূল্যায়ন: মার্চ পর্যায় থেকে প্রকাশনা পর্যন্ত	১৫
২.২	লাল তালিকা মূল্যায়ন সরঞ্জামসমূহ	১৭
২.৩	লাল তালিকা মূল্যায়ন নির্দেশিকা (সংস্করণ ৩.১)	১৮
২.৩.১	শ্রেণীকরণের ট্যাক্সোনমিক ফেল	১৮
২.৩.২	রেড লিষ্ট অবস্থা নির্ধারণের ভৌগোলিক ফেল	১৮
২.৩.৩	ক্যাটাগরি	১৯
২.৩.৪	মানদণ্ডের প্রকৃতি: মহাবিপন্ন, বিপন্ন এবং সংকটাপন্ন	২২
৩	বাংলাদেশে উদ্ভিদের অবস্থা	২৫-৩১
৩.১	প্রজাতির বৈচিত্র্য	২৫
৩.২	উদ্ভিদের বর্তমান অবস্থা	২৫
৩.২.১	আঞ্চলিকভাবে বিলুপ্ত প্রজাতি/ বন্য অঞ্চলে বিলুপ্ত	২৮
৩.২.২	মহাবিপন্ন প্রজাতি	২৮
৩.২.৩	বিপন্ন প্রজাতি	২৮
৩.২.৪	সংকটাপন্ন প্রজাতি	২৮
৩.২.৫	প্রায় বিপদগ্রস্ত প্রজাতি	২৮
৩.২.৬	ন্যূনতম বিপদগ্রস্ত প্রজাতি	২৯
৩.২.৭	তথ্য ঘাটতি/অপ্রতুল তথ্য সম্পন্ন প্রজাতি	২৯
৩.৩	উদ্ভিদের লাল তালিকা সূচক	২৯
৩.৩.১	জাতীয় লাল তালিকা সূচকের গুরুত্ব	৩০
৩.৩.২	উদ্ভিদের লাল তালিকার সূচক পদনা করা	৩০
৩.৩.৩	পাঁচটি উদ্ভিদ গ্রুপের অধীনে ১০০০ প্রজাতির লাল তালিকা সূচক	৩১
৪	বাংলাদেশে উদ্ভিদের হুমকিসমূহ	৩৩-৪০
৪.১	সাধারণ হুমকিসমূহ	
৫	সংরক্ষণ এবং ব্যবস্থাপনা	৪৩-৫০
৬	তথ্যসূত্র	৫৩-৬০
৭	পরিশিষ্ট	৬৩-১২০

ভূমিকা



*Podocarpus nerifolius*_CB

©Md. Sharif Hossain Sourav

১। ভূমিকা

১.১। উদ্ভিদ

১.১.১। বিশ্বের উদ্ভিদ পটভূমি

প্রাথমিকভাবে উদ্ভিদ হচ্ছে এক ধরনের ষড়ভোজী, প্রকৃতকোষী জীব, যা জীবিত সত্ত্বার শ্রেণীবিন্যাসে প্ল্যান্টি (Plantae) নামে একটি প্রধান বিভাগ গঠন করে (Whittaker 1969)। বিবর্তনীয় অতীতের গভীরে মানুষ হিসাবে আমাদের সংযোগ উদ্ভিদের সাথে (Schaal 2019) যা একটি বহুমুখী সম্পর্ক গঠন করেছে। উদ্ভিদসমূহ বিভিন্ন বাস্তুতন্ত্রের মধ্যে এবং মানুষসহ অন্যান্য অসংখ্য প্রাণীর জীবনচক্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এগুলো আমাদের অস্তিত্ব, পরিবেশ, চিকিৎসা, সাংস্কৃতিক অভিব্যক্তি, সামাজিক কাঠামো এবং আধ্যাত্মিক বিশ্বাসের মত অপরিহার্য উপাদানগুলো সরবরাহের মাধ্যমে তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখে।

প্রায় এক বিলিয়ন বছর আগে উদ্ভিদের উৎপত্তি এবং বিবর্তনগত পতিপথের ধারণা খুঁজে পাওয়া যায় (Strother *et al.* 2011)। সাম্প্রতিক মূল্যায়ন অনুসারে, আবৃতবীজী উদ্ভিদ, নগ্নবীজী উদ্ভিদ, ফার্ন, লাইকেন এবং মসসহ সমস্ত স্থলজ উদ্ভিদের সংখ্যায় বিশ্বব্যাপী ক্রমবর্ধমান প্রজাতির সংখ্যা প্রায় ৫০০,০০০ টি (Corlett 2016)। এদের মধ্যে, আনুমানিক ২২৩,৩০০ থেকে ৪৫০,০০০ টি আবৃতবীজী উদ্ভিদ (Govaerts 2001, Scotland and Wortley 2003, Pimm and Joppa 2015)। তাছাড়াও আবৃতবীজী উদ্ভিদের প্রায় ১০-২০% বৈজ্ঞানিক সম্প্রদায় কর্তৃক এখনও অনাবিষ্কৃত রয়ে গেছে (Pimm and Joppa 2015)। লক্ষণীয়ভাবে, সর্বত্র উদ্ভিদ বর্ণালীর ৬৭%ই পৃথিবীর মাত্র ১৭% স্থলভাগের মধ্যে বিস্তৃত (Joppa *et al.* 2013)।

আবৃতবীজী উদ্ভিদের দুই-তৃতীয়াংশ প্রজাতি প্রধানত গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে কেন্দ্রীভূত যার অন্তর্ভুক্ত ৯৬% বৃক্ষ, ফার্ন এবং লিভারওয়ার্ট (Kreft *et al.* 2010, Geffert *et al.* 2013, Chen *et al.* 2015, Pimm and Joppa 2015, Poorter *et al.* 2015, Slik *et al.* 2015)। এই সমৃদ্ধ বৈচিত্র্যের মধ্যে ৯৬% বৃক্ষ প্রজাতি এবং ফার্ন ও লিভারওয়ার্ট শ্রেণীর মস-এর জ্ঞাত রয়েছে। উল্লেখযোগ্যভাবে, নিওট্রপিকাল এবং এশিয়া-প্যাসিফিক অঞ্চলে সর্বোচ্চ বৈচিত্র্য পরিলক্ষিত হয়। পলিনেশিয়া, আফ্রিকা এবং মহাসাগরীয় দ্বীপগুলিতে তুলনামূলকভাবে কম বৈচিত্র্য পরিলক্ষিত হয় (Sharrock *et al.* 2014)। যদিও এ অঞ্চলের পৃথক দ্বীপগুলির উদ্ভিদ বৈচিত্র্য কিছুটা কম, তবে এগুলি উৎকৃষ্ট এভোমিজম প্রদর্শন করে (Sharrock *et al.* 2014)। একইভাবে, এশিয়ার আর্দ্র উপক্রান্তীয় অঞ্চলের সাথে ভূমধ্যসাগরীয় এবং সাদৃশ্যপূর্ণ জলবায়ুসম্পন্ন অঞ্চলগুলি অতি উচ্চ প্রজাতি সন্মুখতা প্রদর্শন করে (Barthlott *et al.* 2007, Joppa *et al.* 2013)।

প্রাকৃতিক জৈব-ভৌগোলিক প্রক্রিয়ার সাথে বিলুপ্তি, অভিবাসন এবং বাস্তুত্যাগ জড়িত, তবে আবাসস্থলের ক্ষতি, বিভাজন বা ঋণাত্মকরণ, অবক্ষয়, অত্যধিক আহরণ, মানব-প্ররোচিত জলবায়ু পরিবর্তন, রোপ, দূষণ এবং আক্রমণাত্মক প্রজাতির দ্রুত বর্ধনশীলতার কারণে বিশ্বব্যাপী উদ্ভিদ প্রজাতির বিলুপ্তির হার ত্বরান্বিত করছে বলে মনে হচ্ছে। আনুমানিক এক-তৃতীয়াংশ আবৃতবীজী উদ্ভিদ প্রজাতি বিলুপ্তির উচ্চ ঝুঁকির সম্মুখীন, যাদের অনেকগুলোই এখনও অবর্ণিত প্রজাতির অন্তর্ভুক্ত এবং যেগুলির অধিকাংশই স্থানীয়ভাবে খুবই স্বল্প ও সীমিত বিস্তৃতি প্রদর্শন করে (Pimm and Joppa 2015)। IUCN ২০১৫ এবং ২০২২ অনুযায়ী, বিশ্বব্যাপী ৮২,৮৫১টি উদ্ভিদ প্রজাতির মূল্যায়ন হয়েছে, যা প্রকাশ করে যে, বিশ্বের ৭৭% থেকে ৮১% উদ্ভিদ প্রজাতির সংরক্ষণের অবস্থা অজানা রয়ে গেছে। বর্তমানে, IUCN রেড লিস্টে ৬২,৬০০ টিরও বেশি উদ্ভিদ প্রজাতি রয়েছে, যার মধ্যে মূল্যায়িত (evaluated) কনিফার ৩৪% এবং সাইক্যাড ৬৯% রয়েছে। উচ্চ সংকলনটিতে পৃথিবীর পরিচিত উদ্ভিদ প্রজাতির প্রায় ১৬.৯% থেকে ১৭.৮% অন্তর্ভুক্ত করা হলেও, এটি উদ্ভিদ প্রজাতির বিলুপ্ত হওয়ার উদ্বেগজনক হারকে নির্দেশ করে।

বিলুপ্তির ঝুঁকি মোকাবেলার জন্য ক্ষতিকারক মানব ক্রিয়াকলাপ নিয়ন্ত্রণ এবং সংরক্ষণ উদ্যোগগুলোকে সমন্বিত রাখার জন্য কার্যকর ব্যবস্থা বাস্তবায়ন প্রয়োজন। ইন সিটু (*in situ*) এবং এক্স সিটু (*ex situ*) সংরক্ষণের জন্য তাৎক্ষণিক অগ্রাধিকারগুলো দ্বিগুণ করা: বিশ্বব্যাপী একটি ব্যাপক উদ্ভিদসংক্রান্ত তালিকা প্রণয়নের কাজ (বোটানিক্যাল ইনভেন্টরি) সম্পূর্ণ করা এবং এখনও মূল্যায়ন হয়নি এমন ৯৪% উদ্ভিদ প্রজাতির সংরক্ষণের অবস্থা মূল্যায়ন করা প্রয়োজন (Corlett 2016)।

১.১.২। বাংলাদেশের প্রেক্ষাপটে উদ্ভিদ

বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের কারণে সবচেয়ে ঝুঁকির সম্মুখীন দেশগুলির মধ্যে একটি এবং বিশ্বের অন্যতম দুর্ভোগ-প্রবণ এলাকা হিসেবে স্থান পেয়েছে (Choudhury ২০০২, World Bank 2005)। তদুপরি, এই দেশটি ভারতীয়-উপমহাদেশের একটি অবিচ্ছেদ্য অংশ যেটি সব শ্রেণী-গোষ্ঠীর আশ্রয়স্থল এবং সামগ্রিক উদ্ভিদ বৈচিত্র্যের অপরিহার্য অংশ (Vavilov 1926) এবং জেনেটিক বৈচিত্র্যের দক্ষিণ এশীয়ার সর্ববৃহৎ কেন্দ্র (Chowdhury 1996)। যদিও বাংলাদেশে সম্পূর্ণ উদ্ভিদ প্রজাতির আনুমানিক সংখ্যা প্রায় ৫০০০ টি (Khan 1977),

যা বিশ্বের আনুমানিক মোট প্রজাতির মাত্র ১.১% (৪৫০,০০০টি) থেকে ২.২৪% (২২৩,৩০০টি) (Thorne 2002, Scotland and Wortley 2003, Govaerts 2003, Pimm and Joppa 2015), যা বিশ্বের আনুমানিক মোট প্রজাতির মাত্র ১.১% (৪৫০,০০০টি) থেকে ২.২৪% (২২৩,৩০০টি) (Thorne 2002, Scotland and Wortley 2003, Govaerts 2003, Pimm and Joppa 2015), এ সংখ্যা পশ্চিম ইউরোপের কিছু এলাকার তুলনায় প্রায় দ্বিগুণ।

বাংলাদেশের প্রতিনিধিত্বকারী অতি সাধারণ উদ্ভিদের মধ্যে বিভিন্ন প্রকারের ঘাস, ঘাস জাতীয় তণ্ডুল (Sedges), বাঁশ, বগলা, পাট, আম, রেইন ট্রি, বটগাছ, কাঁঠাল, শাপলা ইত্যাদি উল্লেখযোগ্য (সারণী ১)। বাংলাদেশে গাছপালা এখানকার বৈচিত্র্যময় বাহুতন্ত্রের মূল জৈব উপাদান এবং যা এ অঞ্চলের জীবিকা, পরিবেশ, ওষুধ, সংস্কৃতি, সমাজ এবং ধর্মীয় প্রয়োজনের জন্য অপরিহার্য। এদেশে জনসংখ্যা বৃদ্ধির হার ১% এর বেশি এবং জনসংখ্যার ঘনত্ব প্রতি প্রতি কিলোমিটারে ১১০০ জনে বেশি যা দেশের উদ্ভিদের উপর ক্রমাগত উচ্চ চাপ সৃষ্টি করছে। দেশের ১৬০ মিলিয়নেরও অধিক মানুষের নানাবিধ নৃতাত্ত্বিক ক্রিয়াকলাপের মাধ্যমে উদ্ভিদের আবাসস্থল হ্রাস ও অবক্ষয় হচ্ছে, পাশাপাশি অতিরিক্ত আহরণ এবং প্রাকৃতিক বাহুতন্ত্রের ধ্বংসের ফলস্বরূপে বাংলাদেশের গাছপালার ক্রমশ হ্রাস এবং পরিবর্তন ঘটছে। এছাড়াও, একই সাথে জলবায়ু পরিবর্তন, পানি ও বায়ু দূষণ, কাঠন বর্জ্য অব্যবস্থাপনা ইত্যাদি পরিবেশগত হুমকির কারণ হিসেবে চিহ্নিত হচ্ছে এবং আঞ্চলিক পানি বর্জন চুক্তি/নীতিসমূহ দেশের প্রাকৃতিক বাহুতন্ত্রের উদ্ভিদ বৈচিত্র্যের উপর উল্লেখযোগ্য বিরূপ প্রভাব ফেলেছে।

১.২। উদ্ভিদ প্রুপ

১.২.১। টেরিডোফাইটস

টেরিডোফাইট হল বীজহীন, অপুষ্পক, এবং প্রাচীনতম ডাক্তুলার উদ্ভিদ যা মুক্ত স্পোর দ্বারা বংশবিস্তার করে এবং এটি প্রায় ৪০০ মিলিয়ন বছর আগে উদ্ভূত হয়েছিল (Kato and Imaichi 1997)। বিশ্বব্যাপী প্রতিনিধিত্বকারী এই উদ্ভিদগুলোর প্রজাতির সংখ্যা ১৩,৮১০-১৪,৩০৭টি (Qian *et al.* 2022), যার অধিকাংশই শুল্ক, কিছু মরুজ, কিছু আংশিক-জলজ এবং জলজ; এবং প্রায় সব ধরনের আবাসস্থল ও জলবায়ু অঞ্চলে বিস্তৃত (Ghosh *et al.* 2022)। এই উদ্ভিদ গোষ্ঠীতে প্রায় ৯০% ফার্ন রয়েছে (PPGI 2016), যা বিশ্বের গ্রীষ্মমণ্ডলীয় এবং উপক্রান্তীয় অঞ্চলে ব্যাপকভাবে ছড়িয়ে রয়েছে।

বাংলাদেশে টেরিডোফাইটের মধ্যে ফার্ন এবং ফার্ন সমগোত্রীয় উদ্ভিদ যেমন- হর্সটেইল, ক্লাবমস্ ও কুইলওয়ার্ট, এবং এদের অধিকাংশই মেসোফাইট, এপিফাইট, হাইড্রোফাইট বা লিথোফাইট হিসাবে জন্মান এবং এরা দেশের উদ্ভিদ এবং বাহুতন্ত্রের গুরুত্বপূর্ণ উপাদান গঠন করে (Jones and Islam 2021, Siddiqui *et al.* 2007a) (Jones and Islam 2021, Siddiqui *et al.* 2007a)। স্থানীয় টেরিডোফাইট সম্পর্কে জানার গুরুত্ব অনুধাবন করে বিভিন্ন গবেষক বাংলাদেশে এই উদ্ভিদ গোষ্ঠীর উপর বিভিন্ন গবেষণা চালিয়েছেন। Prain (1903) সর্বপ্রথম তৎকালীন পূর্ব-বাংলা (বর্তমান বাংলাদেশসহ) থেকে ৯৮ টি প্রজাতির টেরিডোফাইট নথিভুক্ত করেছিলেন। পরবর্তীতে, বিক্ষিপ্ত এবং আংশিকভাবে বাংলাদেশের টেরিডোফাইটের উপর বিভিন্ন গবেষণা পরিচালিত হয়েছে (বেমন, Pasha and Mallick 1980, Pasha and Chakraborty 1984, Pasha 1985, Mirza and Rahman 1997, Uddin and Pasha 1997, Uddin *et al.* 1998, Khan *et al.* 2001, Uddin 2001, Uddin *et al.* 2001, Siddiqui *et al.* 2007a, Uddin *et al.* 2008, Sarker and Hossain 2009, Uddin and Hassan 2018a, Hossain *et al.* 2015, Haque *et al.* 2016)। Siddiqui *et al.* (2007a) এবং Hossain *et al.* (2023) এর মতে, বাংলাদেশে প্রতিনিধিত্বকারী টেরিডোফাইট প্রজাতির সংখ্যা ১৯৭টি। তবে দেশে টেরিডোফাইট উদ্ভিদ প্রজাতির এ সংখ্যা ২৫০টি পর্যন্ত পৌঁছতে পারে বলে ধারণা করা হচ্ছে, কারণ এই উদ্ভিদ গোষ্ঠীটির পরিপূর্ণ গবেষণা এখনো সম্পন্ন হয়নি, তাছাড়া এখনো বিভিন্ন নতুন প্রজাতির সন্ধান পাওয়া যাচ্ছে। টেরিডোফাইট অর্থনৈতিকভাবে খুবই গুরুত্বপূর্ণ। বাংলাদেশে পাওয়া যায় এমন অনেক প্রজাতির টেরিডোফাইট রয়েছে যেগুলো ঔষুধি, খাদ্য ও শোভাবর্ধনকারী হিসেবে উপযোগী (Uddin *et al.* 1998, Uddin *et al.* 2008, Sarker and Hossain 2009, Ahmed and Rahman 2015)। টেরিডোফাইটগুলি তাদের আবাসস্থলের বাহুতন্ত্রগুলিতে গুরুত্বপূর্ণ পরিবেশগত ভূমিকা পালন করে। এগুলি ফীট-পতঙ্গ, পাখি এবং জলপানী প্রাণীসহ অনেক তৃণভোজী প্রাণীর খাদ্যের উৎস হিসাবে কাজ করে।

কিছু টেরিডোফাইট আছে যারা মাটির স্থিতিশীলতা ধরে রাখতে, ক্ষয় রোধ করতে এবং বিভিন্ন জীবের জন্য গুরুত্বপূর্ণ আবাসস্থল প্রদানে সহায়তা করে। আবার কিছু প্রজাতি দূষিত মাটিতে টিকে থাকতে সক্ষম এবং আর্সেনিক ও তামা সঞ্চয়ক হিসেবে ভালো সূচক বা নির্দেশক হিসেবে কাজ করে (Kachenko *et al.* 2007)। এছাড়া কিছু টেরিডোফাইট আছে যেগুলো ভারী ধাতুর প্রতি দৃঢ়ভাবে আকৃষ্ট হয়ে অতি-সঞ্চয়কারী (hyperaccumulators) হিসেবে কাজ করে এবং বাহুতন্ত্র থেকে বিপজ্জনক বর্জ্যের ফাইটোরিমিডিয়েশন বা জৈব পরিষ্কারক হিসেবে বিবেচিত হয় (Klopper 2011, Sajeev *et al.* 2013, Setyawan *et al.* 2021)।

পরিবেশগত এবং অর্থনৈতিকভাবে টেরিডোফাইটসমূহ গুরুত্বপূর্ণ হলেও, এগুলো নানা ধরনের হুমকির সম্মুখীন। দেশের টেরিডোফাইট বৈচিত্র্যের প্রধান হুমকিসমূহের মধ্যে বন উজাড়, আবাসস্থান ক্ষয়, এবং ঔষধি ও শোভাবর্ধনের উদ্দেশ্যে মাত্রাতিরিক্ত আহরণ, প্রভৃতি উল্লেখযোগ্য। যেহেতু টেরিডোফাইটসমূহ নির্দিষ্ট মাইক্রোহাবিট বা উচ্চভায় জনায়, তাই জলবায়ু পরিবর্তনজনিত কারণে বাংলাদেশে টেরিডোফাইটের উপর উল্লেখযোগ্য প্রভাব পড়ার সম্ভাবনা রয়েছে।

১.২.২। জিনোনোস্পার্ম বা নগ্নবীজী উদ্ভিদ

জিনোনোস্পার্ম বা নগ্নবীজী উদ্ভিদ হল ফলবিহীন কিন্তু বীজ উৎপাদনকারী এক ধরনের সপুষ্পক উদ্ভিদ, যাদের বীজ নগ্ন বা উন্মুক্ত থাকে। এদের কোণ বা ফেলের পৃষ্ঠে বীজগুলি সুসজ্জিত থাকে। স্থলজ উদ্ভিদের আদি-উদ্ভূত এই গোষ্ঠীটি ৩৮৫ মিলিয়ন বছর পূর্বে আবির্ভূত হয়েছিল (Gerrienne *et al.* 2004)। এ উদ্ভিদ গোষ্ঠীটি ১,১৭২ থেকে ১,২১৭ টি প্রজাতির সময়য়ে গঠিত (Qian *et al.* 2022), যা সমস্ত উদ্ভিদ প্রজাতির ১% এরও কম। এদের অধিকাংশ প্রজাতি বোরিয়াল অঞ্চল এবং সু-উচ্চ পরিবেশে সীমাবদ্ধ, এমনকি এরা গ্রীষ্মমণ্ডলীয় বন, পাহাড় এবং সু-উচ্চ অঞ্চলসহ বিভিন্ন আবাসস্থল ছুড়ে বিস্তৃত (Crepet and Niklas 2009)।

বাংলাদেশে নগ্নবীজী উদ্ভিদের প্রতিনিধিত্বকারী মাত্র পাঁচ স্থানীয় বা দেশীয় প্রজাতি যেমন- *Cycas pectinata* Buch.-Ham., *Gnetum montanum* Markgr., *G. oblongum* Markgr., *G. latifolium* Blume., এবং *Podocarpus neriifolius* D. Don. বারা পাহাড়ী কিছু বন বাস্তুতন্ত্রের গুরুত্বপূর্ণ জৈব উপাদান গঠন করে। এছাড়াও, বেশ কিছু বিদেশী প্রজাতির নগ্নবীজী উদ্ভিদ যেমন: *Araucaria columnaris* (Frost. F.) Hook., *A. cunninghamii* Mudie, *A. heterophylla* (Salisb.) Franco, *Cycas revoluta* Thunb., *Pinus caribaea* Morelet, *P. kesia* Royle ex Gordon, *Platykladus orientalis* (L.) Franco, *Taxodium distichum* (L.) Rich., এবং *Zamia turfuracea* L.f. ex Aiton ইত্যাদি এই দেশের অনেক এলাকায় নার্সারী উদ্ভিদ হিসাবে জন্মানো হয়ে থাকে (Sidiqui *et al.* 2007, Ara *et al.* 2013, Uddin and Hassan 2018a, POWO 2023)।

খাদ্য ও খাদ্য পণ্য, কাঠ, ঔষধি উপাদান, প্রসাধনী, রেজিন, তন্তু, তৈল, বার্নিশ এবং পেইন্ট, সেই সাথে শিল্পে ব্যবহারের কতিপয় অন্যান্য পণ্যের গুরুত্বপূর্ণ উৎস। এ গোষ্ঠীর উদ্ভিদগুলো শোভাবর্ধনকারী এবং নান্দনিক বৈশিষ্ট্যের জন্যও মূল্যবান। বন্য প্রজাতির আবাসস্থান ক্ষয়, অবক্ষয় বা পরিবর্তন, এবং বন উজাড় ও অতিরিক্ত আহরণসহ নানাবিধ কারণে দেশের নগ্নবীজী উদ্ভিদ প্রজাতিসমূহ হুমকির সম্মুখীন। মানবসৃষ্ট কারণে জলবায়ু পরিবর্তনের মাধ্যমে দেশের নির্দিষ্ট আবাসস্থল ও উচ্চভায় সীমাবদ্ধ নগ্নবীজী উদ্ভিদের বিস্তৃতি এবং টিকে থাকার উপর উল্লেখযোগ্য প্রভাব পড়বে বলে ধারণা করা হচ্ছে।

১.২.৩। অ্যাক্সিওস্পার্ম বা আবৃতবীজী উদ্ভিদ

অ্যাক্সিওস্পার্ম বা আবৃতবীজী উদ্ভিদ হল সাধারণত সপুষ্পক, ফল ও বীজ উৎপাদনকারী, এবং সবচেয়ে বৃহৎ, উন্নত, ও বৈচিত্র্যময়, একে খুবই ব্যবহার উপযোগী ভাস্কুলার উদ্ভিদ গোষ্ঠী। এ গোষ্ঠীর উদ্ভিদের বীজগুলি ফলের মধ্যে লুকানিত বা আবৃত অবস্থায় থাকায় এরা আবৃতবীজী উদ্ভিদ হিসেবে পরিচিত। আবৃতবীজী উদ্ভিদ ২৩৭-২৭৫ মিলিয়ন বছর আগে উদ্ভূত হয়েছিল এবং ত্রিটিসিয়াস যুগের শেষের দিকে এবং প্রথম টারশিয়ালির সময়কালে দ্রুত বৈচিত্র্যতা লাভ করেছিল (Salomo *et al.* 2017, Li *et al.* 2019)। পৃথিবীর বেশিরভাগ স্থলজ বাস্তুতন্ত্রে বিদ্যমান সমস্ত উদ্ভিদ প্রজাতির দ্রায় ৯০% ই আবৃতবীজী উদ্ভিদ প্রজাতির প্রতিনিধিত্ব ও অধিপত্য বিস্তার করে।

এই উদ্ভিদ গোষ্ঠী বিভিন্ন ধরনের পরিবেশে বৃক্ষ, গুল্ম, বিরূপ এবং ঘোপ বা লতাগাতা হিসেবে বৃদ্ধি পেয়ে থাকে। আবৃতবীজী উদ্ভিদগুলো কৃষির প্রধান ভিত্তি এবং গ্রায় সমস্ত উদ্ভিদ খাদ্য এবং উল্লেখযোগ্য পরিমাণ গবাদি পশুর খাদ্য সরবরাহ করে। এই উদ্ভিদ গোষ্ঠী কাঠ, কাগজ, তন্তু, তুলা, ওষুধ, সুপ্তি, ল্যান্ডরেফিং, সাজসজ্জা ইত্যাদির মতো অসংখ্য মূল্যবান সম্পদ সরবরাহ করে এবং টেকসই উন্নয়নে অবদান রাখাসহ মানবসৃষ্ট জলবায়ু পরিবর্তনের বিপর্যয় মোকাবেলা করে। আবৃতবীজী উদ্ভিদের বর্তমান প্রজাতির মোট সংখ্যা প্রায় ২২৩,৩০০ থেকে ৪৫০,০০০ টি বলে ধারণা করা হয় Govaerts 2001, Scotland and Wortley 2003, Pimm and Joppa 2015)। অতি সম্প্রতি, এই প্রজাতির সংখ্যা ৩৫২,০০০টি (Paton *et al.* 2008) থেকে ৩৬৯,৪৩৪টি (Nic Lughadha *et al.* 2016, Freiberg *et al.* 2020, Qian *et al.* 2022) হতে পারে বলে অভিমত ব্যক্ত করা হয়।

বাংলাদেশ একটি সমৃদ্ধ জীববৈচিত্র্যের আবাসস্থল যেখানে অসংখ্য আবৃতবীজী উদ্ভিদ রয়েছে। বাংলাদেশে আবৃতবীজী উদ্ভিদ প্রজাতির আনুমানিক সংখ্যা প্রায় ৫০০০টি (Khan 1977), প্রকৃতপক্ষে, এ দেশের রাজনৈতিক ও ভৌগোলিক সীমানার পরিচালিত বিভিন্ন উদ্ভিদ জরিপ সংক্রান্ত গবেষণার মাধ্যমে ৩৮৯২টি (৭৭.৮৪%) প্রজাতি নথিভুক্ত করা হয়েছে (Rahman *et al.* 2023, Hossain *et al.* 2022, Uddin *et al.* 2022)। এই সমস্ত উদ্ভিদ জরিপ সংক্রান্ত গবেষণার মধ্যে গুরুত্বপূর্ণ প্রকাশনাসমূহ (যেমন, Roxburgh 1814 and 1832, Hooker 1872-1897, Prain 1903, Raizada 1941, Sinclair 1956) সহ বিক্ষিপ্তভাবে প্রকাশিত বেশ কিছু গবেষণা বিশেষ করে উদ্ভিদ পরিবারসমূহের উপর (যেমন, Khan 1972-1987, Rashid *et al.* 1999, Rahman *et al.* 2001, Khan and Hossain 2003,

Ara and Khan 2009–2015, Khanam and Ara 2007 and 2008, Rahman and Khanam 2003, Rahman 2003, Ara 2016, Uddin and Haque 2022), বিভিন্ন বনাঞ্চলের উপর (যেমন, Rahman and Hassan 1995, Khan and Huq 2001, Tutul *et al.* 2010, Uddin and Hassan 2012, Uddin *et al.* 2013, Rahman *et al.* 2012d, Rahman 2015, Rahman *et al.* 2015, Rahman 2017, Rashid *et al.* 2018, Haque *et al.* 2018), প্রশাসনিক এলাকার উপর (যেমন, Heinig 1925, Sultana 2012, Tabassum 2015, Uddin and Hassan 2018, Khan *et al.* 2021c,d, Hossain *et al.* 2022, Khanam 2022), কসতবাড়ির উপর (যেমন, Khan and Alam 1986, Roy and Khan 2020a,b), জলাভূমির উপর (যেমন, Khan and Halim 1987, Hossain *et al.* 2011, Dutta *et al.* 2021), নির্দিষ্ট উদ্ভিদের আবাসস্থলের উপর (যেমন, Cowan and Cowan 1929, Naderuzzaman and Islam 1984, Das and Alam 2001, Basak and Alam 2015, Rahman *et al.* 2019a,c), এবং নতুন রেকর্ড সংক্রান্ত (যেমন, Rahman and Hassan 2017, Rahman and Uddin 2018, Uddin 2018)। এছাড়া, বাংলাদেশের সমগ্র উদ্ভিদের Encyclopedia প্রকাশিত হয়েছে (যেমন, Siddiqui *et al.* 2007a,b, Ahmed *et al.* 2007, 2008–2009, 2009a)।

তদুপরি, বাংলাদেশে প্রায় ১১০৮টি প্রজাতির উপস্থিতি এবং অধিকাংশ নথিভুক্ত প্রজাতির আবৃতবীজী উদ্ভিদের সঠিক অবস্থান নিশ্চিত করা হরোজন।

১.২.৩.১। বেসাল অ্যাঞ্জিওস্পার্মস: অ্যাম্বোরেলিস, নিফিয়েলিস এবং অস্ট্রোবাইলেলিস


অ্যাম্বোরেলিস (Amborellales), নিফিয়েলিস (Nymphaeales), এবং অস্ট্রোবাইলেলিস (Austrobaileyales), ANA- শ্রেণি নামেও পরিচিত। এরা বর্তমান আবৃতবীজী উদ্ভিদের সবচেয়ে আদি-উচ্চত বংশ, যা একটি প্যারাফাইলেটিক গ্রেড পঠন করে এবং আবৃতবীজী উদ্ভিদ ফাইলোজেনেটিক ট্রি'র ভিত্তি স্থাপন করে (Soltis *et al.* 1997, চিত্র ১)। এই তিনটি বংশ অন্যান্য সমস্ত এনজিওস্পার্ম বা মেসাজিওস্পার্মের সিস্টার ক্লড (Mathews and Donoghue 2000, Qiu *et al.* 2000, Barkman *et al.* 2000, Graham and Olmstead 2000, Soltis *et al.* 2000)। বেসাল অ্যাঞ্জিওস্পার্মগুলি প্রায় ১১১টি প্রজাতির প্রতিনিধিত্ব করে, যা বিদ্যমান অ্যাঞ্জিওস্পার্ম বৈচিত্র্যের একটি ক্ষুদ্র অংশ। বাংলাদেশে, অ্যাম্বোরেলিস বা অস্ট্রোবাইলেলিস এর কোনো প্রজাতি পাওয়া যায় না। তবে, নিফিয়েলিস এর অন্তর্ভুক্ত *Nymphaeaceae* এর চারটি বংশের অধীনে ১০টি প্রজাতি রেকর্ড করা হয়েছে (Hossain *et al.* 2000, Hassan 2009b)।

১.২.৩.২.২। ধারমিক অ্যাঞ্জিওস্পার্মস: মেসাজিওস্পার্ম

মেসাজিওস্পার্ম সাধারণত মূল বা কেন্দ্রীয় অ্যাঞ্জিওস্পার্ম যা মেসাজিওস্পার্মাই নামেও পরিচিত, এবং এটি প্রায় ৯৯.৯৫% সম্পৃক্ত উদ্ভিদ অন্তর্ভুক্ত করে, যার মধ্যে ম্যাগনোলিয়াসিস, ক্লোরনথ্যালিস, মনোকোটস, সেরাটোফাইলিস এবং ইউডাইকটস অন্যতম। মেসাজিওস্পার্মাই হল কাইলোজেনেটিক নামকরণে একটি শাখা-পরিবর্তিত নোড-ভিত্তিক নাম, এবং এটি সাধারণত শ্রেণিবিন্যাস পদ্ধতিতে স্বীকৃত শ্রেণিতাত্ত্বিক স্তরে বিন্যাস করে না। এটি সর্বদা একটি মনোকাইলেটিক গোষ্ঠী হিসাবে দৃঢ়ভাবে সমর্থিত এবং সর্বাধিক পরিবেষ্টক ক্রাউন ক্লড হিসাবে সংজ্ঞায়িত হয় (Cantino *et al.* 2007)।

১.২.৩.২.১। ম্যাগনোলিডস

মেসাজিওস্পার্মাই-এর অন্তর্ভুক্ত ম্যাগনোলিডস-এ রয়েছে ম্যাগনোলিয়াস (Magnollas), জারফপ (Nutmeg), বে লরেল (Bay laurel), দারুচিনি (Cinnamon), অ্যাভোকাডো (Avocado), গোল মরিচ (Black pepper), টিউলিপ বৃক্ষ (Tulip tree) এবং অন্যান্য অনেক উদ্ভিদসহ ১০,০০০-এরও বেশি প্রজাতি। এটি ইউডাইকটস এবং মনোকটস-এর পরে আবৃতবীজী উদ্ভিদের অন্তর্ভুক্ত একটি ব্যাপক বিস্তৃত এবং তৃতীয় বৃহত্তম গ্রুপ এবং আদি-উচ্চত ক্যানেলসিস (Canellales), লরেলস (Laurales), ম্যাগনোলিয়েলিস (Magnoliales) এবং পাইপারেলস (Piperales) বর্গগুলির সমন্বয়ে গঠিত (Wu *et al.* 2021)। APG IV সিস্টেমে ২৭ টি আদি-উচ্চত পরিবারকে ANA-শ্রেণি (Amborellales, Austrobaileyales, and Nymphaeales), ম্যাগনোলিডস (Canellales, Laurales, Magnoliales, and Piperales), এবং ক্লোরান্থেলিস (Chloranthales) এই ক্রম অনুসারে অন্তর্ভুক্ত করা হয়েছে (Christenhusz *et al.* 2017)।



চিত্র ১। APG IV (2016) অনুযায়ী আবৃতবীজী উদ্ভিদের মধ্যে বেসাল অ্যাঞ্জিওস্পার্ম এবং মেসাজিওস্পার্ম এর বংশানুক্রমিক অবস্থান

ম্যাগনোলিইডস প্রজাতির উদ্ভিদগুলো অর্থনৈতিক ও সাংস্কৃতিক উভয় দৃষ্টিকোণ থেকে খুবই মূল্যবান। কিছু কিছু ম্যাগনোলিইডস তাদের টিস্যুতে ইথারিয়াল নামক এক ধরণের বায়বীয় (Volatile) তেল ধারণ করে যা মশলা হিসাবে এবং অন্য কিছু সংখ্যক ম্যাগনোলিইড প্রজাতির উদ্ভিদ কর্তৃক উৎপাদিত ফল খাদ্য বা অলঙ্কার হিসাবে ব্যবহৃত হয়। বাংলাদেশে ম্যাগনোলিইড ক্রেডের চারটি বর্গের অন্তর্ভুক্ত ১৮ টি আদি-উচ্চত পরিবারের মধ্যে আটটি পরিবারের অধীনে ৩৭ টি গণের মোট ১৫৩ টি প্রজাতি রয়েছে। বাংলাদেশ থেকে Annonaceae (Soursop family)-এর ৪৪ টি প্রজাতি, Aristolochiaceae (Birthwort family)-এর ছয়টি প্রজাতি, Hernandiaceae (Lantern-tree family)-এর তিনটি প্রজাতি, Lauraceae (Laurel family)-এর ৬৭ টি প্রজাতি Magnoliaceae (Tulip tree family)-এর ১১ টি প্রজাতি, Myristicaceae (Nutmeg family)-এর দুইটি গণের সাতটি প্রজাতি, Piperaceae (Pepper family)-এর ১৪ টি প্রজাতি, and Saururaceae (Lizard's-tail family)-এর একটি Monotypic genus রিপোর্ট করা হয়েছে (Ahmed *et al.* 2008a, 2009a,b,c; Uddin and Hassan 2018)। ম্যাগনোলিইডসের এই প্রজাতিগুলি দেশের উদ্ভিদবৈজ্ঞানিক গুরুত্বপূর্ণ উপাদান এবং বিভিন্ন পরিবেশগত, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখে।

১.২.৩.২.২। ক্লোর্যাথেলিস

ক্লোর্যাথেলিস বর্গটি আদি-উচ্চত বা প্রাচীনতম আবৃতবীজী উদ্ভিদের অন্তর্গত যা সকল মহাদেশে পাওয়া যায়। এটি ইউডাইকট বা মনোকোট বা সপুষ্পক উদ্ভিদের অন্য কোন পরিবারের সাথে ঘনিষ্ঠভাবে সম্পর্কিত নয় এবং এটির অবস্থান APG IV সিস্টেমে স্পষ্টভাবে সমাধান করা হয়নি (ANG IV 2016, Piplo *et al.* 2020, চিত্র ১)। ক্লোর্যাথেলিস বর্গের মধ্যে Chloranthaceae একমাত্র পরিবার যার মধ্যে চারটি জীবন্ত গণ এবং ৭৭ টিরও বেশি জীবিত প্রজাতি রয়েছে (Christenhusz and Byng 2016)। বাংলাদেশে Chloranthaceae (Pearl-orchid family বা মুক্তা-অর্কিড পরিবার) এর শুধুমাত্র একটি গণের অধীনে দুটি প্রজাতি রয়েছে। এদের মধ্যে *Chloranthus eliator* Link. প্রজাতিটি ছুর এবং যৌনরোগ নিরাময়ে, চা হিসাবে, এবং শোভাবর্ধনকারী উদ্ভিদ হিসাবে ব্যবহৃত হয় (Ahmed *et al.* 2008)। বাংলাদেশে ক্লোর্যাথেলিস বর্গটির আদি-উচ্চত আবৃতবীজী উদ্ভিদের অন্তর্গত মোট ১০টি পরিবার (বেমম, Nymphaeaceae, আটটি Magnollid families এবং Chloranthaceae)-এর ৪২টি গণের অধীনে ১৬৫ টি প্রজাতি রয়েছে যা দেশের রেকর্ডকৃত আবৃতবীজী উদ্ভিদের ৪.২৪% এর প্রতিনিধিত্ব করে। এই উদ্ভিদ গোষ্ঠীর প্রজাতিগুলি দেশের বিভিন্ন বাস্তুতন্ত্রের গুরুত্বপূর্ণ উপাদান এবং বাস্তুতন্ত্রের স্থিতিশীলতা বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। পাশাপাশি এগুলি বন্যপ্রাণীসহ অন্যান্য জীবের বিস্তৃত পরিসরের জন্য খাদ্য এবং আশ্রয়ের মতো বাস্তুতন্ত্রের পরিষেবা প্রদানে পরিবেশগত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এদের মধ্যে অনেকগুলি আবার অলঙ্কার, গুণ্ডা, সুগন্ধি, রঞ্জক, অপরিহার্য তেল, জ্বালানী কাঠ, এবং আসবাবপত্র, বাস্তু, গাড়ির বডি, বাদ্যযন্ত্র, খেলনা, ইত্যাদি তৈরিতে ব্যবহৃত কাঠ হিসাবে তাদের অর্থনৈতিক গুরুত্বের জন্য মূল্যবান। এছাড়াও এই উদ্ভিদ প্রজাতিগুলো সাংস্কৃতিক এবং সামাজিক প্রয়োজনেও ব্যবহৃত হয়। দেশের অধিকাংশ জলাভূমির প্রতিনিধিত্বকারী আবদ্ধ ভাসমান (Rooted floating) সাদা শাপলা (*Nymphaea pubescens* Willd.) বাংলাদেশের জাতীয় ফুল হিসেবে পরিচিত। সাদা শাপলা এদেশের মানুষের সরলতা ও বিশ্বস্ততার প্রতীক এবং এদের ঘন ঘন বন্যা ও অন্যান্য প্রাকৃতিক দুর্ঘটনা মোকাবেলা করার ক্ষমতা রয়েছে।

১.২.৩.২.৩। মনোকটস বা একবীজপত্রী উদ্ভিদ

মনোকটস (একবীজপত্রী উদ্ভিদ) হল ঘাস এবং ঘাস-সদৃশ আবৃতবীজী উদ্ভিদের একটি গ্রুপ যাদের প্রতিটি বীজে একটি একক জনীয় পত্র বা কোটিলিডন থাকে এবং মেসোজিওস্পার্মের (কেন্দ্রীয় আবৃতবীজী উদ্ভিদের) পাঁচটি প্রধান বংশ-ধারার একটি। এই উদ্ভিদ গোষ্ঠীকে Coratophyllales-Eudicots ক্রেডের নিকট সম্পর্কিত অংশ হিসাবে বিবেচনা করা হয়। এরা সমগ্র আবৃতবীজী উদ্ভিদ প্রজাতির ২২.৮% এর প্রতিনিধিত্ব করে (Soltis *et al.* ২০০৫, ২০০৭)। বাংলাদেশে ৪১ টি পরিবারের অন্তর্ভুক্ত ৩৪৮ টি গণের অধীনে মোট ১০১২ টি প্রজাতির একবীজপত্রী উদ্ভিদ রয়েছে (Ahmed *et al.* 2008c, Siddiqui *et al.* 2007b, Rahman and Hassan 2017, Rahman and Uddin 2018, Uddin *et al.* 2018, Uddin and Hassan 2018a, Hossain *et al.* 2019, Huda *et al.* 2019, 2020, Hossain *et al.* 2020, 2023)। এই দেশে জন্মানো একবীজপত্রী উদ্ভিদের প্রধান পরিবারগুলো হল- Poaceae (Grass family), Orchidaceae (Orchid family), Cyperaceae (Sedge family), Araceae (Arum family), Zingiberaceae (Ginger family), এবং Arecaceae (Palm family)। বাংলাদেশে Poaceae পরিবারটি মোট ২৮৭ টি প্রজাতির প্রতিনিধিত্ব করে এবং অর্থনৈতিকভাবে এটি একবীজপত্রী উদ্ভিদের গোত্র সমূহের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ (Ahmed *et al.* ২০০৮, Rahman and Uddin ২০১৮)। বাংলাদেশে Orchidaceae পরিবারেও উল্লেখযোগ্য সংখ্যক প্রজাতি রয়েছে। এ পরিবারের অধীনে ১৯১ টি প্রজাতি রেকর্ড করা হয়েছে (Ahmed *et al.* 2008c, Rahman and Uddin 2018, Hossain *et al.* 2019c, Hossain *et al.* 2020), এবং এদের বেশিরভাগই অন্য গাছের উপর পরাশ্রয়ী (Epiphyte) হিসেবে জন্মায় (Huda 2007)। এছাড়াও দেশে Cyperaceae পরিবারে ১৪৮ টি প্রজাতি

(Ahmed *et al.* 2008, Rahman and Uddin 2018), Araceae পরিবারে ৯৪ টি প্রজাতি (Siddiqui *et al.* 2007b), Zingiberaceae পরিবারে ৬৯ টি প্রজাতি (Ahmed *et al.* 2008c) এবং Arecaceae পরিবারে ৪০ টি প্রজাতি (Siddiqui *et al.* 2007b) রয়েছে। বাংলাদেশে নথিভুক্ত ৩৮৯২টি আবৃতবীজী উদ্ভিদ প্রজাতির প্রায় ২৬.০৪% এবং আনুমানিক ৫০০০টি প্রজাতির ২০.২৪% একবীজপত্রী উদ্ভিদের সমন্বয়ে গঠিত, তবে এ পরিমাণখন এখনও সম্পূর্ণরূপে জানা যায়নি। বাংলাদেশে আবৃতবীজী উদ্ভিদের প্রধান গ্রুপের অনুপাত বিবেচনা করলে, একবীজপত্রী উদ্ভিদ প্রজাতির সংখ্যা অনুমিত ৫০০০ টি প্রজাতির ২৬.০৪% অর্থাৎ ১৩০২টি। এর অর্থ বাংলাদেশে আরও প্রায় ২৯০টি (২২.২৭%) প্রজাতির একবীজপত্রী উদ্ভিদের অন্তর্ভুক্তি বা উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন।

একবীজপত্রী উদ্ভিদগুলি বাংলাদেশের ভূখণ্ড ও বিস্তৃত জীববৈচিত্র্যের জন্য পরিবেশগত গুরুত্বপূর্ণ সুবিধা প্রদান করে থাকে। কৃষিতে উৎপাদিত জৈববস্তুর সিংহভাগই আসে একবীজপত্রী উদ্ভিদ থেকে। একবীজপত্রী উদ্ভিদ প্রজাতিগুলো প্রধান শস্য (যেমন: ধান, গম, ভুট্টা, ইত্যাদি), ফল (যেমন: কলা, আনারস ইত্যাদি), আখ, তেল, তন্তু, জ্বালানী, পণ্ডখাদ্যের ঘাস, বাঁশ, বিভিন্ন খেজুর, আদা, পেঁয়াজ, হলুদ, রুলুন, এলাচ, ধনিয়া, সেজেজ, গৃহ নির্মাণ উপকরণ, এবং শিল্পের কাঁচামাল সরবরাহ করে। আবার অনেক প্রজাতির সৌন্দর্যময় ফুলের জন্য লেটলিকে শোভাভরণকারী উদ্ভিদ হিসেবে চাষ করা হয়।

১.২.৩.২.৪। সেরাটোফাইলেগিস

APG IV সিস্টেমে, সেরাটোফাইলেগিস বর্গকে ইউডাইকটের খুব নিকট-সাদৃশ্য গ্রুপ হিসাবে বিবেচনা করা হয়। Ceratophyllaceae হল সম্পূর্ণ উদ্ভিদের একটি সর্বজনীন পরিবার, যার মধ্যে একটি মৌলিকগণের অধিনে চারটি জীবন্ত প্রজাতি রয়েছে (Christenhusz and Bzng 2016)। বাংলাদেশে সেরাটোফাইলেগিস বর্গের অধীনে একটি মাত্র গুল রয়েছে যেটি দুটি প্রজাতির প্রতিনিয়িত্ব করে। এই উদ্ভিদ গোষ্ঠীর প্রজাতিগুলি কৃষিকের দংশনের ক্ষেত্রে শীতলীকরণ উপাদান হিসাবে ব্যবহৃত হয়, এছাড়া মাছের তাজা ডিম ও কচি তাজা মাছ তাজার জন্য সুস্বাদু আবার হিসাবে ব্যবহৃত হয় (Ahmed *et al.* 2008b)।

১.২.৩.২.৫। ইউডাইকটস

ইউডাইকটস, বা ইউডাইকোটিনডন (দ্বিবীজপত্রী উদ্ভিদ) হল আবৃতবীজী উদ্ভিদের মধ্যে সর্ববৃহৎ এক সবচেয়ে বৈচিত্র্যময় উদ্ভিদ গোষ্ঠি বাদে বীজে দুটি অপর গত্র বা বীজপত্র (কোটিলেডন) রয়েছে। বিশ্বব্যাপী এ গ্রুপের উদ্ভিদ প্রজাতির সংখ্যা প্রায় ২,১০,০০০-২,৮০,০০০টি যা সমস্ত আবৃতবীজী উদ্ভিদের প্রায় ৭৫% এবং সমস্ত উদ্ভিদ প্রজাতির ৫০% এর বেশি (Simpson 2010)। উন্নত এ ফুল উৎপাদনকারী বৈচিত্র্যময় উদ্ভিদ গোষ্ঠীর মধ্যে রয়েছে অনেক সুপরিচিত এক মুগ্যবান গাছ যেমন তক, ম্যাপেল, জাম্বেল, বার্চ, বিচ, পীচ, কমলা, বরই, পাঁজা, মটর, আখরোট, ভূমুখ, জলপাই এবং আরো অনেক কিছু। দ্বিবীজপত্রী উদ্ভিদ বাংলাদেশের উদ্ভিদরাজী ও জীববৈচিত্র্যের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ এবং দেশের প্রায় ২,৭০৮টি প্রজাতি নিয়ে গঠিত। এই উদ্ভিদ গোষ্ঠীর মধ্যে Fabaceae (মটর বা শিপিভিম পরিবার) এর প্রায় ৩০৪টি প্রজাতি, Rubiaceae (ম্যাডার বা কফি পরিবার) এর ২০১টি, Euphorbiaceae (Phyllanthaceae) এর ১৫৬টি, Asteraceae (আস্টার, ডেইজি বা সূর্যমুখী পরিবার) এর ১৪০টি, Acanthaceae এর ১২৪টি, Lamiaceae (পুদিনা বা শেগি পরিবার) এর ৯১টি, Verbenaceae (Verbena অথবা vervain পরিবার) এর ৬৩টি, Corvoilulaceae (মর্নিং গ্লোরি ফ্যানসি) এর ৫৬টি, Apocynaceae (the dogbane পরিবার) এর ৪৯ টি, Malvaceae (mallow পরিবার) এর ৪৬টি, Cucurbitaceae (Cucurbits বা gourd family) এর ৪৪ টি, Solanaceae (নাইটশেড পরিবার) এর ৩৭টি, Moraceae (ঠুঁত বা ভূমুর পরিবার) এর ৩২টি, Meliaceae (মহশনি পরিবার) এর ২৮টি প্রজাতি রয়েছে (Ahmed *et al.* 2008a,b; 2009a,b,c; Rahman and Hassan 2017, Rahman and Uddin 2018, Rahman 2018, Uddin, 2018, Hossain *et al.* 2019b, 2020)।

বাংলাদেশে দ্বিবীজপত্রী উদ্ভিদগুলির সঠিক সংখ্যা এখনও সম্পূর্ণরূপে জানা সম্ভব হয়নি, তবে নথিভুক্ত ৩,৮৯২টি প্রজাতি বা ৬৯.৬৭% এবং আনুমানিক ৫০০০ টি প্রজাতি বা ৫৪.১৬% আবৃতবীজী উদ্ভিদের সমন্বয়ে গঠিত। বাংলাদেশের আবৃতবীজী উদ্ভিদের প্রধান গ্রুপগুলোর জন্য অনুপাত বিবেচনা করে দ্বিবীজপত্রী উদ্ভিদগুলো দেশের আনুমানিক ৫০০০ টি প্রজাতি যা ৭৬.৭২% হওয়া উচিত যেখানে নথিভুক্ত প্রজাতির সংখ্যা ৩৮৯২ টি। যার অর্থ বাংলাদেশে আরও প্রায় ৭৭৫টি (২২.২৫%) প্রজাতির ইউডাইকটের উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। বাংলাদেশে জন্মালো প্রকৃত দ্বিবীজপত্রী উদ্ভিদ প্রজাতিসমূহ অর্থনৈতিক ও পরিবেশগতভাবে খুবই গুরুত্বপূর্ণ। এই গ্রুপের প্রজাতিগুলি ফলমূল, শাকসবজি, ফসলা, পণ্ডখাদ্য, গৃহ নির্মাণ উপকরণ, কাঠ, জ্বালানী, তন্তু, তুলা, অলঙ্কার, ঔষধি পণ্য এবং শিল্প-কারখানার জন্য প্রচুর পরিমাণ কাঁচামাল ও অল্যান্য প্রয়োজনীয় উপকরণসহ বিভিন্ন ধরনের খাবার সরবরাহ করে। এছাড়া, এ গ্রুপের উদ্ভিদ প্রজাতিসমূহ দেশের বায়ুসংস্থানেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, বিশেষ করে বায়ুতন্ত্রের বিভিন্ন পরিসেবাসমূহ যেমন- মাটির উর্বরতা অক্ষুণ্ণ রাখার জন্য নাইট্রোজেন সংরক্ষণ করা, এবং অন্যান্য জীবের জন্য আবাসস্থল, খাদ্য এক আশ্রয়স্থল প্রদানে প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশে আবৃতবীজী উদ্ভিদ প্রজাতিগুলি আবাসস্থল ধ্বংস, বন উজাড়, ভূমি অবক্ষয়, জ্বম চাষ, কৃষি সম্প্রসারণের জন্য প্রাকৃতিক আবাসস্থলের রূপান্তর, একক প্রজাতির বনায়ন ও নগরায়ন, অতিরিক্ত আহরণ, নবশাক্যতা বৃদ্ধি এবং নৃশংসহ মানব-প্ররোচিত জলবায়ু পরিবর্তনের প্রভাবে মারাত্মকভাবে হুমকির সম্মুখীন। ফলস্বরূপ, এই বৃহত্তম এবং সবচেয়ে বৈচিত্র্যময় উদ্ভিদ গোষ্ঠীর পপুলেশন সংখ্যা ধীরে ধীরে হ্রাস এবং উল্লেখযোগ্যভাবে পরিবর্তন ঘটছে।



ছবি: ধকব্দের ইলেগপন ঔয়নর্গপে ম্যাননীয় মন্ত্রী মহোদয় জাবণ দিচ্ছেন। © Md. Mohsin Kabir

১.৩। বাংলাদেশে উদ্ভিদের প্রধান আবাসস্থল

১.৩.১। মিশ্র-চিরসবুজ বন

বাংলাদেশের প্রধান চারটি বনের মধ্যে মিশ্র-চিরসবুজ বন একটি। অন্যান্য বনের মধ্যে পর্ণমোচী, ম্যানগ্রোভ এবং মিঠা পানির জলাভূমির বন উল্লেখযোগ্য। জীববৈচিত্র্য সমৃদ্ধ মিশ্র-চিরসবুজ বনের আর্দ্র এবং স্যাঁতস্যাঁতে পরিবেশে উদ্ভিদসমূহ দারুণভাবে অভিল্বোঘানে সক্ষম। এই বনসমূহ আনুমানিক ১,৪২৯,০০০ হেক্টর ভূমি জুড়ে বিস্তৃত, যা বাংলাদেশের মোট ভূমির প্রায় ১১%। বাংলাদেশের উত্তর-পূর্ব এবং দক্ষিণ-পূর্ব অংশে, বিশেষ করে সিলেট এবং চট্টগ্রাম অঞ্চলের প্রায় ৬৮০,০০০ হেক্টর এলাকার পাহাড়ি বনসমূহ মূলতঃ মিশ্র-চিরসবুজ বন (Reza and Hasan 2019)। এই বনসমূহ এক ধরনের গ্রীষ্মমণ্ডলীয়/ট্রপিক্যাল রেইনফরেস্ট যেখানে উচ্চ বৃষ্টিপাত এবং তাপমাত্রার কারণে কমপক্ষে ৩০ মিটার উচ্চতা সম্পন্ন ঘন ক্যানোপি বিশিষ্ট বৃক্ষ এবং আভ্যারহোথ উদ্ভিদরাশি হিসেবে গুল্ম, বিক্রম, ঘাস ও সেজ এর বৈচিত্র্যতা পরিলক্ষিত হয় (Champion and Seth 1968)।

এই বনের প্রথম স্তরের সুবৃহৎ গুরুত্বপূর্ণ বৃক্ষগুলির মধ্যে রয়েছে *Dipterocarpus turbinatus*, *Dipterocarpus costatus*, *Tectona grandis*, *Artocarpus chama*, *Swintonia floribunda*, *Protium serratum*, *Toona ciliata*, *Canarium resiniferum*, *Pterygota alata*, *Tetrameles nudiflora*, *Anisoptera scaphula*, *Albizia procera*, *Hopea odorata*, *Aphanamixis polystachya*, *Chukrassia tabularis*, *Podocarpus nerifolius* ইত্যাদি উল্লেখযোগ্য। দ্বিতীয় স্তরের ক্যানোপি পঠনকারী বৃক্ষগুলোর মধ্যে *Sapium baccatum*, *Lagerstroemia speciosa*, *Lagerstroemia parviflora*, *Schima wallichii*, *Macaraanga peltata*, *Elaeocarpus robustus*, *Syzygium* এবং *Ficus* এর বিভিন্ন প্রজাতি উল্লেখযোগ্য। এছাড়াও বনের আর্দ্র এবং স্যাঁতস্যাঁতে পরিবেশে অনেক গুল্ম এবং বিক্রম জাতীয় উদ্ভিদ প্রজাতি দারুণভাবে খাপ খাইয়ে নিতে সক্ষম। এ বনে নতানো উদ্ভিদরাজির উপস্থিতি খুবই সাধারণ, তাছাড়া পরাশ্রয়ী উদ্ভিদ হিসেবে ফার্ণ এবং অর্কিডের প্রাচুর্যতা পরিলক্ষিত হয়। পরাশ্রয়ী অর্কিড প্রজাতির মধ্যে *Acampe premorsa*, *Dendrobium crepidatum*, *Dendrobium lindleyi*, *Vanda tessellata* এবং *Cymbidium* এর বেশ কিছু প্রজাতি জন্মাতে দেখা যায়।

অধিকন্তু, এ বন বাস্তুতন্ত্রের প্রয়োজনীয় পরিসেবাসমূহ নানান প্রজাতির বণ্যপ্রাণী যেমন, স্তন্যপায়ী প্রাণী, পাখি, সরীসৃপ এবং উভচর প্রাণী ইত্যাদির আবাসস্থল হিসাবে কাজ করে। এখানকার উদ্ভিদ প্রজাতিসমূহের বিস্তৃত মূল-তন্ত্রের ধরণ মাটিকে দৃঢ়ভাবে আকড়ে ধরে মাটির ক্ষয় রোধে সহায়তা করে। এতদসত্ত্বেও, বাংলাদেশের মিশ্র-চিরসবুজ বনসমূহ নানা কারণে হুমকির সম্মুখীন। বন উজাড়, অবৈধ দখল ও বৃক্ষ কর্তন, এবং বনভূমির বিকল্প ব্যবহার এই বনসমূহের প্রধান কিছু হুমকির মধ্যে উল্লেখযোগ্য।

১.৩.২। পর্ণমোচী/পত্রঝরা বন

পর্ণমোচী বা পত্রঝরা বনের অধিকাংশ গাছের প্রায় সব পাতাই ঋতু আবর্তনের প্রতিক্রিয়ায় প্রতি বছর একটি নির্দিষ্ট সময়ে ঝরে পড়ে।

সাধারণত শীতকালে পর্ণমোচী গাছগুলির সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার কার্যক্ষমতা কম থাকায় এবং পানি ও শক্তি সঞ্চয়ের উদ্দেশ্যে তাদের পাতা ঝড়ে যায়। বাংলাদেশে পর্ণমোচী বন প্রধানত টাঙ্গাইল, ময়মনসিংহ, গাজীপুর, ঢাকা, দিনাজপুর, শেরপুর, রাজশাহী, রংপুর ও কুমিল্লা জেলাগুলোতে বিস্তৃত যেখানে শাল গাছের আধিক্যতা রয়েছে।

বনের ধরণ অনুসারে, বাংলাদেশের শাল বনাঞ্চলসমূহ ব্রীমমণ্ডলীয় অর্ধে পর্ণমোচী প্রকৃতির এবং এটি ভারতীয় উদ্ভিদ-ভৌগোলিক অঞ্চলের অন্তর্ভুক্ত। ঢাকা-টাঙ্গাইল-ময়মনসিংহ শাল বনগুলি উত্তরে টাঙ্গাইল ও ময়মনসিংহ জেলার কেন্দ্র থেকে দক্ষিণে ঢাকা জেলার উত্তর পর্যন্ত বিস্তৃত। টাঙ্গাইল জেলার মধুপুরের বনাঞ্চলটি সবচেয়ে ঘন, যেখানে শত শত সতর উঁচু বনভূমি (চাল) রয়েছে যেগুলি ধান চাষের জন্য উপযোগী ভূপনামূলকভাবে নিচু ভূমি (বাইদ) দ্বারা গৃহকৃত।

শাল বনের প্রধান গাছটি হল শাল (*Shorea robusta*)। এ বনে শাল গাছ ছাড়া সহবহানকারি অন্যান্য পর্ণমোচী গাছগুলির মধ্যে রয়েছে *Adina cordifolia*, *Albizia procera*, *Butea monosperma*, *Lagerstroemia parviflora*, *Garuga pinnata*, *Semecarpus anacardium*, *Millettia velutina*, *Terminalia bellirica*, *Dillenia pentagyna* ইত্যাদি। মধুপুর এবং রাজেন্দ্রপুর (গাজীপুর) শাল বনাঞ্চলের মধ্যে রয়েছে সাধারণ সাদৃশ্য। এখানে মোটামুটিভাবে নির্দিষ্ট নিম্ন স্তরের পর্ণমোচী গাছগুলির মধ্যে রয়েছে *Careya arborea*, *Syzygium nervosum*, *Syzygium fruticosum*, *Holarrhena pubescence*, *Bauhinia acuminata* ইত্যাদি। আরোহী উদ্ভিদ প্রজাতিসমূহের মধ্যে বৃহৎ, শক্ত আরোহী প্রজাতি হিসেবে *Entada rheedii*, *Spatholobus roxburghii*, *Smilax glabra*, *Dioscorea glabra*, *Mucuna pruriens*, *Ichnocarpus frutescens*, *Asparagus racemosus* এবং *Vitaceae* গোত্রের কিছু প্রজাতি বিশেষভাবে উল্লেখযোগ্য। সাধারণ গুল্ম প্রজাতিগুলোর মধ্যে *Glochidion multiloculare* এবং *Flacourtia indica* উল্লেখযোগ্য। জীববৈচিত্র্য সমৃদ্ধ আভ্যন্তরীণ হিসেবে ঘাস ও শোভাসহ বীকণ গাছপালার মধ্যে রয়েছে *Curcuma zedoaria*, *Clerodendrum viscosum*, *Sporobolus diander*, *Eragrostis unillioides* ইত্যাদি এবং বনের কিনারার *Melastoma malabathricum* জন্মতে দেখা যায়। পাম জাতীয় উদ্ভিদের মধ্যে বেত, *Calamus viminalis var. fasciculatus* টাঙ্গাইল ও গাজীপুর জেলার মধুপুর ও রাজেন্দ্রপুর বনাঞ্চলের আশেপাশের শুষ্ক আবাসস্থলে দেখা যায়।

১.৩.৩। ম্যানগ্রোভ বন

ম্যানগ্রোভ বন বাংলাদেশের একটি অনন্য এবং উৎপাদনশীল বাস্তুতন্ত্র যা বিভিন্ন উদ্ভিদ এবং প্রাণী বৈচিত্র্যের জন্য উপযোগী। এই বনগুলি সাধারণত জেয়ার-ভাটা প্রভাবিত উপকূলীয় অঞ্চলে বিস্তৃত এবং উপকূলীয় পরিবেশের লবণাক্ত এবং জলাবদ্ধ অবস্থার সাথে অভিযোজিত স্বল্প উদ্ভিদ ও প্রাণীর সমাহারই এর বৈশিষ্ট্য। বাংলাদেশের সুন্দরবন পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বন, যা ভুলনা বিভাগের সাতক্ষীরা, ভুলনা ও বাগেরহাট জেলার দক্ষিণে ৬.০১৭ বর্গকিলোমিটার এলাকা জুড়ে বিস্তৃত। এ বৃহৎ বনটি নদী, খাল ও জেয়ারের ঝড়িগুলির জটিল নেটওয়ার্ক দ্বারা ছোট ছোট বনে বিভক্ত (Iftokhar and Islam 2004)।

ম্যানগ্রোভ উদ্ভিদের শিকড় মাটিকে স্থিতিশীল রাখতে এবং ক্ষয় রোধ করতে সাহায্য করে। বাংলাদেশের এই ম্যানগ্রোভ বনগুলি বিপুল সংখ্যক উদ্ভিদ প্রজাতির আবাসস্থল। সাম্প্রতিক এক গবেষণায় ১১১টি পরিবারভুক্ত ৩৫৬টি গণের অধীনে ৫২৮টি জাকুলার উদ্ভিদ প্রজাতি নথিভুক্ত করা হয়েছে যাদের ৩৪৫টি বীকণ, ৮৯টি গুল্ম এবং ৯৪টি বৃক্ষ (Rahman et al. 2015)।

বিশ্বব্যাপী বিপন্ন সুন্দরী (*Heritiera fomes*) প্রজাতির উদ্ভিদটি বাংলাদেশ সুন্দরবনের প্রধান বা কীটন উদ্ভিদ হিসেবে অবস্থান করছে। বাংলাদেশের জন্য বিপন্ন এমন ১১টি প্রজাতির উদ্ভিদ এই সুন্দরবনে অবস্থিত (Siddiqui et al. 2007, 2008; Ahmed et al. 2008–2009; Ara et al. 2013)। সুন্দরবনে সবচেয়ে সাধারণ এবং সচরাচর পাওয়া যায় এমন ম্যানগ্রোভ উদ্ভিদ প্রজাতি যেমন- সুন্দরী (*Heritiera fomes*), পেঁওয়া (*Excoecaria agallocha*) এবং পঁরান (*Ceriops decandra*) একত্রে ৯৫% বনাঞ্চল জুড়ে অবস্থিত। অন্যান্য সাধারণ বৃক্ষ ও গুল্ম প্রজাতির উদ্ভিদ যেমন- কেওড়া (*Sonneratia apetala*), ওড়া/ছইলা (*S. caseolaris*), সাদা বাইন (*Avicennia alba*), ধুন্দল (*Xylocarpus granatum*), পঁর (*X. moluccensis*), ঝান্না (*Rhizophora apiculata*), আমুর (*Aglaia cucullata*), লাল কাঁকড়া (*Bruguiera gymnorhiza*), সিঁগাড়া (*Cynometra ramiflora*), ঝলসি (*Aegiceras corniculatum*), বোলা (*Hibiscus tillaceus*), ভাহর (*Cerbera manghas*), ভাত কাঠি (*Kandelia candel*), সোনা কাঠি (*Tamarix Indica*)। গোলপাতা (*Nypa fruticans*) এবং হেতাল (*Phoenix paludosa*) ইত্যাদি এখানে ব্যাপকভাবে জন্মায় (Khan 2021)।

বাংলাদেশের ম্যানগ্রোভ বনসমূহ নানা ধরনের হুমকি ও প্রতিকূল্যতার সম্মুখীন। বন উজাড়, ম্যানগ্রোভ বনকে চিংড়ির খামারে রূপান্তর করা এবং দুধন এই বনগুলির জন্য অন্যতম প্রধান হুমকি। মানব সৃষ্ট এসব কর্মকাণ্ডের পাশাপাশি জলবায়ু পরিবর্তনের প্রভাবও এই বনাঞ্চলের জন্য একটি উল্লেখযোগ্য হুমকি। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা, ভ্রমবর্ধমান তাপমাত্রা এবং পরিবর্তিত বৃষ্টিপাতের ধরণ ভবিষ্যতে এই বনের প্রজাতির সংমিশ্রণ এবং গঠনের উপর উল্লেখযোগ্য প্রভাব ফেলতে পারে (Kathiresan and Bingham, 2001)। কার্যকরী সরক্ষণ উদ্যোগ সঠিকভাবে বাস্তবায়িত না হলে হুমকির সম্মুখীন বেশ কিছু উদ্ভিদ প্রজাতি অদূর ভবিষ্যতে সুন্দরবনে অধিক হুমকির সম্মুখীন হবে (Rahman et al. 2015)।

১.৩.৪। মিঠা পানির জলাভূমি বন

মিঠা পানির জলাভূমি বনগুলি এক বিশেষ ধরনের বাস্তুতন্ত্র যা সাধারণত নিচু এলাকা যেখানে প্রায় সারা বছরই জলাবদ্ধ থাকে সে রকম অঞ্চলই এই বনগুলির জন্য আদর্শ আবাসস্থল। এ বনগুলি স্থলজ এবং জলজ পরিবেশের মধ্যবর্তী সংযোগ স্থাপনকারী আবাসস্থলের প্রতিনিধিত্ব করে। জলাভূমি বনসমূহ বিভিন্ন বাস্তুসংস্থানিক কার্যকলাপ যেমন- বন্যা নিয়ন্ত্রণ, পানি বিস্কন্ধকরণ এবং বিভিন্ন বন্যপ্রাণীর আবাসস্থল প্রদানসহ নানাবিধ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। বাংলাদেশের রাতারগুল নামে পরিচিত জলাবনটি সিলেট জেলার গুৱাইনঘাট উপজেলায় অবস্থিত। গ্রীষ্মমন্ডলীয় জলাভূমির এ বনটি জীববৈচিত্র্যের আবাসস্থল এবং অন্যান্য অমূল্য সম্পদের জন্য গুরুত্বপূর্ণ (Hossain et al. 2016)। এই বনটি চিরহরিৎ প্রকৃতির এক প্রধানকার প্রধান ও আধিপত্য বিস্তারকারী উদ্ভিদ প্রজাতিগুলোর মধ্যে *Dalbergia reniformis*, *Pongamia pinnata*, *Crataeva nurvala*, *Barringtonia acutangula*, *Syzygium fruticosum*, *Trewia polycarpa* ইত্যাদি উল্লেখযোগ্য। অন্যান্য কিছু সাধারণত গুল্ম জাতীয় উদ্ভিদ প্রজাতি যেমন- *Schumannianthus dichotomus*, *Calamus viminalis* এবং *Phyllanthus disticha* পাওয়া যায়। কিছু বিরল উদ্ভিদ প্রজাতি যেমন- *Diplazium esculentum*, *Mikania cordata*, *Dopatrium junceum*, *Mucuna gigantea*, এবং *Asparagus racemosus* সাধারণভাবে রাতারগুল জলাভূমিতে পাওয়া যায় (Hossain et al. 2016, Rahman et al. 2023)। জলাভূমি বনের একটি বিস্তৃত এলাকা বিভিন্ন প্রজাতির ঘাস যেমন- *Eriarthus ravennae*, *Saccharum spontaneum*, এবং *Phragmites karka* একসাথে সংমিশ্রিত অবস্থায় পাওয়া যায়। নিচু এলাকার জলাবদ্ধ ভূমিতে যেখানে প্রায় সারা বছরই পানি জমে থাকে সেখানে *Barringtonia acutangula* এবং *Dalbergia reniformis* এর বিস্কন্ধ একক বন দেখা যায় যার নিচে আভ্যন্তরীণ হিসেবে *Calamus tenuis* জন্মায় (Alam 2008)।

১.৩.৫। বাঁশ-বন ও তৃণভূমি

বাঁশ বন এক তৃণভূমি বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ বাস্তুতন্ত্র, যা বিভিন্ন বন্যপ্রাণীদের জন্য আবাসস্থল প্রদান করে। এই বাস্তুতন্ত্রগুলির বিশেষ বৈশিষ্ট্য হল উচ্চ আর্দ্রতা এবং তীব্র সুর্যালোক সম্পন্ন আবাসস্থল যেখানে বিভিন্ন ধরনের উদ্ভিদ প্রজাতি অভিযোজিত হয়ে থাকে। বিভিন্ন প্রজাতির বাঁশ (যেমন- *Melocanna baccifera*, *Bambusa tulda*, ইত্যাদি) গ্রামীণ অর্থনীতিতে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে এবং এটি ঘর তৈরি, কুটির শিল্প, গ্রামীণ জনগণের জন্য আশ্রয়স্থল নির্মাণ, বিশেষ করে পাহাড়ী এলাকার বসবাসকারী উপজাতি সম্প্রদায়ের জন্য এক অপরিহার্য উপাদান।

বাংলাদেশের তৃণভূমিসমূহ নিচু এলাকায়, বিশেষ করে প্রধান নদীর প্লাবনভূমিতে পাওয়া যায়। এই অঞ্চলগুলি লম্বা ঘাস এবং বিরল উদ্ভিদ প্রজাতি দ্বারা বৈশিষ্ট্যমণ্ডিত। বাংলাদেশের তৃণভূমির একটি উল্লেখযোগ্য উদাহরণ হল সুন্দরবনের জলাভূমি তীরবর্তী বিস্তীর্ণ অঞ্চল। চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম, করুলজাঙ্গর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার এবং সুনামগঞ্জের গ্রীষ্মমন্ডলীয় অর্ধ চিরহরিৎ বনাঞ্চলে প্রচুর পরিমাণে বিরল ও ঘাস জাতীয় উদ্ভিদ এবং যোপকাড়যুক্ত গুল্ম, বাঁশ ও বেত আভ্যন্তরীণ হিসেবে জন্মায় (Das 1990)। হোমস্টিড বা বসতবাড়ীর বনগুলোতে লম্বা স্তরে মাঝারি আকারের বৃক্ষ, ছোট বৃক্ষ এবং বিভিন্ন প্রজাতির বাঁশের আধিপত্য রয়েছে। বিভিন্ন প্রজাতির বাঁশের মধ্যে *Bambusa balcooa*, *B. cacharensis*, *B. comillensis*, *B. nutans*, *B. salarkanii*, *B. tulda* এবং *B. vulgaris* সাধারণভাবে উল্লেখযোগ্য (Hossain et al. 2008)। বাঁশ-বন ছাড়াও, তৃণভূমি বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ বাস্তুতন্ত্র, যা দেশের মধ্য ও উত্তরাঞ্চলের বিশাল এলাকা জুড়ে বিস্তৃত। বাঁশ-বনগুলিতে আভ্যন্তরীণ হিসেবে ঘাস এবং ফার্ন জন্মায়, পাশাপাশি বাঁশের মৃত পাতা মাটিকে সমৃদ্ধ করে (Richards 2017)।

১.৩.৬। হোমস্টিড বা বসতবাড়ীর বন

পরিবেশগত এবং মানুষের প্রভাবের মাধ্যমে সৃষ্ট বাড়ির আশেপাশে ছড়িয়ে ছিটিয়ে থাকা ছোট বাগানকে হোমস্টিড বা বসতবাড়ীর বন হিসেবে অভিহিত করা হয়। এই বনসমূহের বৈশিষ্ট্যই হল এগুলো উল্লভভাবে বহু-স্তরে বিন্যস্ত, বিভিন্ন প্রজাতির বৈচিত্র্যতা এবং অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ উদ্ভিদের সমাহার। বসতবাড়ীর উদ্ভিদ প্রজাতিসমূহকে তিন স্তরে স্তরবিন্যস্ত করা যেতে পারে (Alam 2008)।

উঁচু স্তরের কিছু সাধারণ উদ্ভিদ প্রজাতির মধ্যে রয়েছে *Albizia procera*, *Aphanamixis polystachachya*, *Artocarpus lacucha*, *Astonia scholaris*, *Cordia dichotoma*, *Bombax ceiba*, *Samanea saman*, *Toona ciliata*, *Ficus benghalensis*, *Ficus religiosa* ইত্যাদি, পাশাপাশি রয়েছে কিছু স্থলজ উদ্ভিদ প্রজাতি যেমন- *Mangifera indica* (আম), *Artocarpus heterophyllum* (কাঁঠাল), *Syzygium cumini* (জাম) ইত্যাদি। দ্বিতীয় স্তরে রয়েছে ছোট থেকে মাঝারি আকারের বৃক্ষ এবং বাঁশ প্রজাতি। ছোট ও মাঝারি আকারের উদ্ভিদ প্রজাতির মধ্যে *Holarthra pubescence*, *Mallotus philippensis*, *Ehretia serratum* ইত্যাদি উল্লেখযোগ্য। বিভিন্ন বাঁশ প্রজাতির মধ্যে *Bambusa balcooa*, *B. tulda* এবং *B. vulgaris* সচরাচর পাওয়া যায়। তৃতীয় স্তরে রয়েছে গুল্ম এবং বিরল জাতীয় প্রজাতি যার মধ্যে *Glycosmis pentaphylla*, *Calotropis procera*, *Justicia adhatoda*, *Grewia paniculata*, ঘাস এবং সেজ উল্লেখযোগ্য।

১.৪। বাংলাদেশের সংরক্ষিত এলাকায় উদ্ভিদ

বাংলাদেশে সর্বমোট ৫৩টি রক্ষিত এলাকা রয়েছে যেগুলি দেশের বিভিন্ন বন বাস্তুতন্ত্র জুড়ে বিস্তৃত। স্থলজভাগের রক্ষিত এলাকাগুলি সঙ্ক্ষিতভাবে ৪৬৯,৮৭১.৬২ হেক্টর জুড়ে বিস্তৃত যা দেশের মোট ভূমির প্রায় ৩.১৮%। রক্ষিত এলাকাগুলির একটি নিম্নলিখিত তালিকা (সারণী ১) এবং সংযোজিত মানচিত্রে তাদের অবস্থান (চিত্র ২) প্রদান করা হল (FD 2023)।

সারণী ১: বাংলাদেশের রক্ষিত এলাকার তালিকা

ক্রমিক নং	সংরক্ষিত এলাকার নাম	অঞ্চল	আয়তন (হেক্টর)	প্রতিষ্ঠা বছর	উদ্ভিদ বৈচিত্র্য	উদ্ধৃতিসূত্র
১	ভাওয়াল জাতীয় উদ্যান	পাকীপুর অভয়ারণ্য জাতীয় উদ্যান	৫০২২.২৯	১৯৮২ উদ্ভিদ প্রকৃতি	২০২ উদ্ভিদ প্রকৃতি	(Rahman & Hossain 1995)
২	যশুর জাতীয় উদ্যান	টানটান এবং ময়মনসিংহ	৮৪০৬.১৩	১৯৮২	৩৮৫ উদ্ভিদ প্রকৃতি	(Rahman & Vaolk 2010)
৩	রামগঞ্জ জাতীয় উদ্যান	দিনাজপুর	২৭.৭৫	২০০১	২৭২ উদ্ভিদ প্রকৃতি	(Rimi et al. 2015)
৪	হিংস্র জাতীয় উদ্যান	কক্সবাজার	১৭২৯	১৯৮০	১১৭ উদ্ভিদ প্রকৃতি	(Hossain & Hossain 2018)
৫	পাউন্ড্রা জাতীয় উদ্যান	মৌলভীবাজার	১২৫০	১৯৯৬	১৫৯ উদ্ভিদ প্রকৃতি	(Malaker et al. 2010)
৬	কাছাই জাতীয় উদ্যান	পার্বত্য চট্টগ্রাম	৫৪৯৪.৭৮	১৯৯৯	৬৫ উদ্ভিদ প্রকৃতি	(Rahman et al. 2019)
৭	লিচুম দ্বীপ জাতীয় উদ্যান	নোয়াখালী	১৬৫৫২.২৩	২০০১	১৫২ উদ্ভিদ প্রকৃতি	(Feeroz & Uddin 2015)
৮	শেখরসুন্দরী জাতীয় উদ্যান	কক্সবাজার	৩৯৫.৯২	২০০৪	১০ বৃক্ষ প্রকৃতি	(Uddin et al. 2020)
৯	সাতছড়ি জাতীয় উদ্যান	চট্টগ্রাম	২৪২.৯১	২০০৫	২৪০ অর্ধবৃক্ষী উদ্ভিদ	(Arefin et al. 2011)
১০	খানিন্দার জাতীয় উদ্যান	সিংটি	৬৭৮.৮	২০০৬	৩৫২ উদ্ভিদ প্রকৃতি	(Uddin 2015)
১১	বাহোইলসা জাতীয় উদ্যান	চট্টগ্রাম	২৯৩৩.৬১	২০১০	২৬৭ উদ্ভিদ প্রকৃতি	(Karim et al. 2023)
১২	কালিগড় জাতীয় উদ্যান	ময়মনসিংহ	৩৪৪.১৩	২০১০	-	-
১৩	কুড়কট জাতীয় উদ্যান	পটুয়াখালী	১৬১৩	২০১০	২৬৫ উদ্ভিদ প্রকৃতি	(Rahman et al. 2017)
১৪	নবাবগঞ্জ জাতীয় উদ্যান	দিনাজপুর	৫১৭.৬১	২০১০	-	-
১৫	সিঁড়ি জাতীয় উদ্যান	দিনাজপুর	৩০৫.৬৯	২০১০	৩২ উদ্ভিদ প্রকৃতি	(Ali et al. 2020)
১৬	আলতলা জাতীয় উদ্যান	নওগাঁ	২৬৪.২২	২০১১	-	-
১৭	বীরগঞ্জ জাতীয় উদ্যান	দিনাজপুর	১৬৮.৫৬	২০১১	-	-
১৮	বেলা-সালসা কল্যাণী অভয়ারণ্য	চট্টগ্রাম	১৭৬৫.৫৪	১৯৯৬	৬২০ উদ্ভিদ প্রকৃতি	(Feeroz et al. 2011)
১৯	স্র ফুকরি মুক্দি কল্যাণী অভয়ারণ্য	ভোলা	৪০	১৯৮১	২৭৭ উদ্ভিদ প্রকৃতি	(Uddin & Abiablulah 2016)
২০	পাকশালী কল্যাণী অভয়ারণ্য	পার্বত্য চট্টগ্রাম	৪২০৬৯.৩৭	১৯৮৩	-	-
২১	চুনটি কল্যাণী অভয়ারণ্য	চট্টগ্রাম	৭৭৬৩.৯৭	১৯৮৬	৬৯২ উদ্ভিদ প্রকৃতি	(Hossain & Hossain 2014)
২২	খানিয়ারুল কল্যাণী অভয়ারণ্য	কক্সবাজার	১৩০২.৪২	২০০৭	২৮৫ উদ্ভিদ প্রকৃতি	(Uddin et al. 2011)
২৩	মুৎসুরিয়া-পুণাহাতি কল্যাণী অভয়ারণ্য	চট্টগ্রাম	৪৭১৬.৫৭	২০১০	৬০৮ উদ্ভিদ প্রকৃতি	(Feeroz et al. 2012)

ক্রমিক নং	সংরক্ষিত এলাকার নাম	অবস্থান	আয়তন (হেক্টর)	প্রতিষ্ঠা বছর	উদ্ভিদ বৈজ্ঞানিক	উদ্ধৃতি/সূত্র
২৪	গাজারীজির বন্যপ্রাণী অভয়ারণ্য	চট্টগ্রাম	১১৭৭.৫৩	২০১০	৪৭৮ উদ্ভিদ প্রজাতি	(Rahman 2018)
২৫	সঙ্গ বন্যপ্রাণী অভয়ারণ্য	বান্দরবন	২৩৩১.৯৮	২০১০	-	-
২৬	টেংগাশি বন্যপ্রাণী অভয়ারণ্য	বরগনা	৪০৪৮.৫৮	২০১০	-	-
২৭	সোনালচর বন্যপ্রাণী অভয়ারণ্য	পটুয়াখালী	২০২৬.৪৮	২০১২	-	-
২৮	গাংখারি বন্যপ্রাণী অভয়ারণ্য	বগেরহাট	৩৪০	২০১২	-	-
২৯	গাঁদগাই বন্যপ্রাণী অভয়ারণ্য	বগেরহাট	৫৬০	২০১২	-	-
৩০	দুধশ্রী বন্যপ্রাণী অভয়ারণ্য	বগেরহাট	১৭০	২০১২	-	-
৩১	টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য	কক্সবাজার	১১৬১৪.৫৭	২০০৯	৫৩৬ উদ্ভিদ প্রজাতি	(Feeroz 2013)
৩২	সুন্দরবন (পূর্ব) বন্যপ্রাণী অভয়ারণ্য	বগেরহাট	১২২৯২০.৯	২০১৭	-	-
৩৩	সুন্দরবন (পশ্চিম) বন্যপ্রাণী অভয়ারণ্য	সাতক্ষীরা	১১৯৭১৮.৮৮	২০১৭	-	-
৩৪	সুন্দরবন (মকিল) বন্যপ্রাণী অভয়ারণ্য	খুলনা	৭৫৩১০.৩	২০১৭	-	-
৩৫	জাতীয় উদ্ভিদ উদ্যান	ঢাকা	৮৪.২১	২০১৮	১০৪১ উদ্ভিদ প্রজাতি	(Halder 2020)
৩৬	শিলাপড় ইকো-পার্ক	শিলেট	৪৫.৩৪	২০১৯	-	-
৩৭	মাধবপুর ইকো-পার্ক	মৌলভীবাজার	২০২.৩৫	২০১৯	-	-
৩৮	শেখ জামাল ইম্যানী জাতীয় উদ্যান	কক্সবাজার	২০২.৩৫	২০১৯	৪৪৩ উদ্ভিদ প্রজাতি	(Feeroz 2016)
৩৯	ধরপুর জাতীয় উদ্যান	দিনাজপুর	৭০৪.৪	২০২১	-	-
৪০	বাইশারী বাহেড়া বন্যপ্রাণী অভয়ারণ্য	কক্সবাজার	২২৩৩.০৫৫	২০২৩	-	-
৪১	মুন্টিঙ্গা ইকো-পার্ক	শেরপুর	১৩১.১৩৮	২০১৩	৩১ উদ্ভিদ প্রজাতি	(Islam et al. 2017)

১.৫। বাংলাদেশে শাল তালিকার ইতিহাস

১৯৯০ এর দশকের শেষের দিকে, পাঁচ খণ্ডে বাংলাদেশে বিপন্ন প্রাণীদের একটি শাল তালিকা প্রস্তুত করা হয় যাতে মাছ, উভচর ও সরীসৃপ, পাখি এবং স্তন্যপায়ী প্রাণীর তথ্য রয়েছে। এই পুস্তকসমূহের একটি খন্ড বাংলায় অনূদিত হয়েছে (IUCN Bangladesh 2003, Irfanullah 2011)।

উল্লেখযোগ্য উদ্ভিদ বৈচিত্র্য, প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরতা এবং দেশের বাস্তুতন্ত্রের জন্য জন্মবর্ধমান হুমকির প্রেক্ষিতে, বাংলাদেশে উদ্ভিদ বৈচিত্র্যের প্রভাব মূল্যায়ন (Plant Diversity Impact Assessments বা PDIA) অত্যন্ত গুরুত্বপূর্ণ। উদ্ভিদ বৈচিত্র্য সঞ্চয়নের সংরক্ষণের জন্য বিভিন্ন হুমকিসমূহের সম্ভাব্য প্রভাবগুলোর বিস্তারিত বিশ্লেষণ করা আবশ্যিক। PDIA-সমূহ উদ্ভিদের বৈচিত্র্য এবং বাস্তুতন্ত্রের সম্ভাব্য ঝুঁকিগুলি চিহ্নিত করার মাধ্যমে এই অমূল্য সম্পদগুলিকে রক্ষা করার জন্য সংরক্ষণ ব্যবস্থাতন্ত্রের উন্নয়নে সহায়তা করে, একটি উন্নয়ন প্রকল্প বা ভূমি ব্যবহারের পরিবর্তন কীভাবে এই ঝুঁকিগুলিকে এবং স্থানীয় সম্প্রদায়ের জীবনযাত্রাকে প্রভাবিত করতে পারে তা মূল্যায়ন করতে পারে, উদ্যোগগুলি পাতনুগতিক অনুশীলনকে গুরুত্বসহ বিবেচনা করে, জেনেটিক সম্পদগুলো সনাক্তকরণ এবং সুরক্ষণ সহায়তা করে, ভূমি ব্যবহার এবং উন্নয়ন কীভাবে উদ্ভিদকে প্রভাবিত করে তা নির্ধারণ করে, প্রকল্পগুলি টেকসই হয়, বাস্তুতন্ত্রের ক্ষতি না করে এবং উদ্ভিদের বৈচিত্র্য হ্রাস না ঘটায় তা নিশ্চিত করে। উদ্ভিদ বৈচিত্র্যের প্রভাব মূল্যায়ন উদ্যোগগুলো উদ্ভিদ বৈচিত্র্য সংরক্ষণ বা উন্নয়ন বাস্তুতন্ত্র এবং সম্প্রদায়ের সহনশীলতা বৃদ্ধি করতে পারে এমন উপায়গুলি নির্ধারণ করে, উন্নয়ন উদ্যোগের ফলে আক্রমণাত্মক উদ্ভিদ প্রজাতির সম্ভাব্য প্রবর্তন এবং বিস্তার মূল্যায়ন করে, জীববৈচিত্র্য এবং স্থানীয় বাস্তুতন্ত্রের সম্ভাব্য হুমকি চিহ্নিত করে, উদ্ভিদ বৈচিত্র্য এবং বাস্তুতন্ত্রের মূল্যায়ন সিদ্ধান্ত গ্রহণকারী, প্রকল্প উন্নয়নকারী, স্থানীয় সম্প্রদায় এবং সাধারণ জনগণকে সচেতন করে। এই অ্যাসাইনমেন্টগুলি CBD-এর অধীনে দেশের প্রতিশ্রুতি পূরণের জন্য অপরিহার্য।

৫.৩। বন উজাড় নিরসন

বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের পরিণতি প্রশমিত, জীববৈচিত্র্য সংরক্ষণ এবং বন উজাড়ের পরিমাণ কমিয়ে বন সম্পদের টেকসই ব্যবহার করা উচিত। বাংলাদেশের বন উজাড়ের পেছনে অনেকগুলি কারণ রয়েছে যার মধ্যে জনসংখ্যা বৃদ্ধি, অর্ধেক গাছ কাটা, কৃষি সম্প্রসারণ এবং অবকাঠামোগত উন্নয়ন উল্লেখযোগ্য। বন উজাড় নিরসনের লক্ষ্যে শক্তিশালী আইন প্রয়োগ, পুনর্বনায়ন ও বনায়ন, বন পর্ববেক্ষণ ও নজরদারি, সংরক্ষিত এলাকা সম্প্রসারণ, আইনি সংস্কার, বেসরকারি খাতের সম্পৃক্ততা, জনসচেতনতা ও শিক্ষা, গবেষণা ও তথ্য সংগ্রহ, সবুজ অর্থায়ন ও প্রণোদনা, জলবায়ু পরিবর্তন অভিযোজন এবং আন্তর্জাতিক সহযোগিতাকে শক্তিশালী করা অত্যাাবশ্যিক। টেকসই কৃষি চর্চা, টেকসই লগিং বা বৃক্ষ আহরণ অনুশীলন এবং বন প্রশংসাপত্র উৎসাহিত করা প্রয়োজন। ক্রিপ্টার এলাকা পরিষ্কার করার পরিবর্তে, কয়েকটি গুরুত্বপূর্ণ বৃক্ষের উপর নির্বাচিত লগিং কৌশল ব্যবহার করার পরামর্শ দেওয়া।

বাংলাদেশে বন উজাড় কমাতে স্থানীয় জনগণ, বাণিজ্যিক খাত এবং সুশীল সমাজের সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন। এই কৌশলগুলির সমন্বিত অনুশীলন বন উজাড় কমাতে পারে এবং টেকসই বন ব্যবস্থাপনাকে এগিয়ে নিতে পারে। এজন্য সরকারী সংস্থার সাথে অন্যান্য সংশ্লিষ্ট বহু-ব্যক্তি-সংস্থা সম্পৃক্তকরণ কৌশল প্রয়োজন। বন উজাড় কমাতে টেকসই ভূমি-ব্যবহারের পরিকল্পনা, সম্প্রদায়ের সম্পৃক্ততা এবং নীতিগত পদক্ষেপের সাথে সংরক্ষণ কার্যক্রম একত্রিত করা প্রয়োজন। দেশের স্বতন্ত্র উদ্ভিদ বৈচিত্র্য রক্ষা করতে এবং এর পরিবেশের দীর্ঘমেয়াদী পরিবেশগত স্বাস্থ্যের নিশ্চয়তা দিতে সরকারী ও বেসরকারি সংস্থা, স্থানীয় সম্প্রদায় এবং আন্তর্জাতিক সংস্থাগুলির মধ্যে সহযোগিতা অত্যাাবশ্যিক।

৫.৪। আবাসস্থল পুনরুদ্ধার এবং পরিকল্পিত বনায়ন বৃদ্ধি করা

জীববৈচিত্র্য বজায় রাখা, বাস্তুতন্ত্রের কার্যকারিতা উন্নীত করা এবং প্রাকৃতিক বাস্তুতন্ত্রের সহনশীলতা বাড়ানোর জন্য বাসস্থান পুনরুদ্ধার অপরিহার্য। আবাসস্থল পুনরুদ্ধারের কার্যকর উদ্যোগ এই সফল্যগুলি সমাধানে সহায়তা করে। বাংলাদেশে আবাসস্থল পুনরুদ্ধারের জন্য প্রাথমিক অঞ্চলসমূহের মধ্যে বনভূমি, উপকূলীয় এবং শ্রান্তিক ভূমি, জলাভূমি, ম্যানগ্রোভ, নদী এবং মোহনা ইত্যাদি বিবেচনা করা যেতে পারে। এই কারণে অবনতি বা ক্ষয়িষ্ণু অঞ্চলগুলিকে পূর্বের অবস্থায় ফিরিয়ে আনতে আবাসস্থল পুনরুদ্ধার প্রকল্পগুলি সম্পাদন করার জন্য বাস্তুতন্ত্র প্রজাতির জন্য বিকল্প আবাসস্থল প্রদান, সেই সাথে স্থানীয় আবাসস্থল পুনরুদ্ধার করা এবং বাস্তুতন্ত্রের সহনশীলতা বৃদ্ধির জন্য স্থানীয় উদ্ভিদ প্রজাতির প্রতিষ্ঠাকে উৎসাহিত করা। বাংলাদেশের উচিত সম্প্রদায়-ভিত্তিক এবং জলবায়ু সহনশীল পুনর্বাসনের প্রচার করা।

বাংলাদেশে আবাসস্থল পুনরুদ্ধারের জন্য সরকারি প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা (এনজিও), স্থানীয় সম্প্রদায় এবং আন্তর্জাতিক সংস্থাগুলোকে একসঙ্গে কাজ করতে হবে। আবাসস্থলের বাতাসের গুণগতমান এবং বাস্তুতন্ত্রের স্বাস্থ্য উন্নতির জন্য দেশীয় বৃক্ষ প্রজাতি রোপণ এবং ক্ষয়প্রাপ্ত অঞ্চলগুলি পুনরুদ্ধার করা উচিত। এই উদ্যোগগুলি অবশ্যই বৈজ্ঞানিক নীতি দ্বারা চালিত হতে হবে এবং দেশের বিভিন্ন অঞ্চলে বিদ্যমান সুনির্দিষ্ট পরিবেশগত অসুবিধা এবং সুযোগগুলি বিবেচনা করতে হবে। স্থানীয় উদ্ভিদ প্রজাতি ও আবাসস্থল পুনরুদ্ধারী, জীববৈচিত্র্য পুনরুদ্ধার, মাটির ক্ষয় রোধ, কার্বন পৃথকীকরণ, পানি সম্পদ ব্যবস্থাপনার উন্নতি, জিনগত বৈচিত্র্য বৃদ্ধি এবং জন সচেতনতা উন্নয়নের মাধ্যমে উদ্ভিদ সংরক্ষণের জন্য পরিকল্পিত এবং যথাযথ বনায়ন একটি গুরুত্বপূর্ণ ব্যবস্থা হিসাবে কাজ করে। যখন চিহ্নিতভাবে কোন উদ্যোগ গ্রহণ করা হয় তখন সেটি শুধুমাত্র উদ্ভিদের পপুলেশনকে রক্ষা এবং পুনরুদ্ধারিত করে না বরং স্বাস্থ্যকর বাস্তুতন্ত্রকেও উৎসাহিত করে, যা উদ্ভিদ সংরক্ষণ এবং পরিবেশগত প্রতিকূলতাসমূহ প্রশমনে একটি কার্যকর হাতিয়ার হিসাবে কাজ করে।

৫.৫। প্রধান বাস্তবতার সংরক্ষণ এবং পুনরুদ্ধার

বৈচিত্র্যময় ও সমৃদ্ধশালী বাস্তবতাসমূহ বাংলাদেশের পর্ব, যেখানে রয়েছে ম্যানগ্রোভ বন, জলাভূমি, নদী, মোহনা, শহুরে পরিবেশ এবং উপকূলীয় অঞ্চল। দুর্ভাগ্যবশত, এই বাস্তবতাসমূহ সম্পদের অতিরিক্ত শোষণ, দূষণ, আবাসস্থলের অবক্ষয় এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবসহ নানাবিধ হুমকির সম্মুখীন। জীববৈচিত্র্য বজায় রাখতে, স্বাভাবিক জীবনযাত্রাকে রক্ষা করতে এবং জলবায়ু পরিবর্তনের পরিণতিগুলিকে প্রশমিত করতে এই গুরুত্বপূর্ণ বাস্তবতাসমূহকে রক্ষা করা এবং পুনর্বাসন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই লক্ষ্যগুলি অর্জনের জন্য এমন একটি সমন্বিত কৌশল অত্যাবশ্যিক যা কার্যকরীভাবে বাস্তবতাসমূহ সংরক্ষণ ও পুনরুদ্ধারের পাশাপাশি স্থানীয় সম্প্রদায়ের চাহিদার ভারসাম্য বজায় রাখে। এই কৌশলটি বাংলাদেশে সংরক্ষণ ও পুনরুদ্ধারের সামগ্রিক উদ্দেশ্যগুলির সাথে এখানকার অধিবাসীদের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত।

৫.৬। কার্যকর মৃত্তিকা ব্যবস্থাপনা নিশ্চিত করা

কার্যকর মৃত্তিকা ব্যবস্থাপনা উদ্ভিদ বৈচিত্র্য রক্ষণ একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশে সঠিক মাটি ব্যবস্থাপনা অনুশীলন বাস্তবায়নের মাধ্যমে মাটি ও ভূমির অবক্ষয়, মাটির ক্ষয় এবং মাটি দূষণের সাথে সম্পর্কিত ঝুঁকি কমানোর লক্ষ্য অর্জন করা যেতে পারে। মাটির স্বাস্থ্য নিশ্চিত ও উন্নত করতে, মাটি সংরক্ষণ এবং মাটির অবক্ষয়, ক্ষয় এবং দূষণ কমানোর জন্য পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করা অপরিহার্য। এই উদ্দেশ্যগুলি অর্জনের মূল কৌশলগুলির মধ্যে রয়েছে জীববৈচিত্র্য এবং জলাভূমি সংরক্ষণের উন্নয়ন, কৃষি বনায়নকে সমন্বিত করা, মাটি পরীক্ষা এবং সার ব্যবস্থাপনা, টেকসই ভূমি ব্যবহার অনুশীলন করা, মাটির ক্ষয় কমানো, টেকসই ভূমি ব্যবহার পরিকল্পনা বাস্তবায়ন করা, নদীতীরবর্তী বাধার অঞ্চল রক্ষাবক্ষণ করা, টেকসই কৃষি চর্চা গ্রহণ করা, গবেষণা ও পর্যবেক্ষণ কার্যক্রম, এবং প্রাসঙ্গিক আইন ও নীতিমালা প্রতিষ্ঠা করা। বাংলাদেশে উদ্ভিদ বৈচিত্র্য সংরক্ষণে মৃত্তিকা ব্যবস্থাপনার এই কৌশলগুলিকে কৃষি, বনায়ন ও ভূমি ব্যবহারের অনুশীলনে অন্তর্ভুক্ত করলে উল্লেখযোগ্যভাবে অবদান রাখতে পারে। এই পদক্ষেপগুলি কার্যকরভাবে বাস্তবায়ন করতে এবং দেশের বৈচিত্র্যময় বাস্তবতার দীর্ঘমেয়াদী সুরক্ষার জন্য সরকারি প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা (এনজিও), স্থানীয় সম্প্রদায় এবং গবেষকদের মধ্যে সমন্বয় অপরিহার্য।

৫.৭। সংরক্ষণ প্রচেষ্টা প্রসারিত এবং জোরদার করা

বাংলাদেশের সমৃদ্ধ জীববৈচিত্র্য রক্ষার জন্য সংরক্ষণ প্রচেষ্টা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হয়েছে। বাংলাদেশে জীববৈচিত্র্যের একটি উল্লেখযোগ্য অংশ সংরক্ষণের জন্য ইন-সিটু এবং এক্স-সিটু উভয় ধরনের সংরক্ষণ ব্যবস্থা নেওয়া হয়েছে। সংরক্ষণের উদ্যোগ হিসেবে বাংলাদেশে ৫৩ টি রক্ষিত এলাকা (PA) -এর মোট ৮১৫,৬০৭ হেক্টর আয়তনে একটি নেটওয়ার্ক গড়ে উঠেছে। বাংলাদেশে ১৩ টি জীববৈচিত্র্যের হটস্পট বা বিপজ্জনক জগৎপাকে পরিবেশ সংরক্ষণ আইনের অধীনে সরকার কর্তৃক পরিবেশগতভাবে সংকটাপন্ন এলাকা (ECAs) ঘোষণা করা হয়েছে। এই PA এবং ECA সমূহ এই দেশের উদ্ভিদ সংরক্ষণের একটি ক্ষুদ্র অংশের প্রতিনিধিত্ব করে। নৃতাত্ত্বিক অসংখ্য হস্তক্ষেপ, একক প্রজাতির উদ্ভিদ রোপন, এবং অপর্ণাঙ্গ ও দুর্বল ব্যবস্থাপনা বেশিরভাগ PA এবং ECA-এর কার্যকারিতাকে নেতিবাচকভাবে প্রভাবিত করেছে। তাই, PAs সম্প্রসারণ করা উচিত, বিশেষ করে সংরক্ষিত বনাঞ্চলে, জীববৈচিত্র্যের হটস্পট সহ জলাভূমিতে, এবং সমস্ত PA এবং ECA-এর উন্নতির জন্য পর্যাপ্ত উদ্যোগ বাস্তবায়িত করা উচিত, কার্যকর ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ, এবং পর্যাপ্ত প্রযুক্তিপাঠ এবং নিরীক্ষণ কার্যক্রম জোরদার করা উচিত, প্রশাসনিক সহায়তা, গুরুত্বপূর্ণ প্রধান আবাসস্থল এবং উদ্ভিদ প্রজাতি, বিশেষ করে বিরল এবং হুমকির মুখে থাকা উদ্ভিদ প্রজাতিসমূহকে কার্যকরভাবে পরিচালনা ও সংরক্ষণ করা উচিত।

এক্স-সিটু সংরক্ষণ দ্বারা প্রতিস্থাপিত হতে পারে না এমন অনেক প্রজাতি যাদের এখনও দীর্ঘমেয়াদী টিকে থাকার জন্য তাদের প্রাকৃতিক আবাসস্থল সংরক্ষণ এবং পুনরুদ্ধার অপরিহার্য। জীববৈচিত্র্য রক্ষার সর্বোত্তম পদ্ধতি হিসেবে প্রায়শই ইন-সিটু এবং এক্স-সিটু সংরক্ষণের কৌশলগুলির সংমিশ্রণ অন্তর্ভুক্ত। বাংলাদেশে PA এবং ECA-এর সম্প্রসারণ অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এটি দেশের উদ্ভিদ বৈচিত্র্যের ঘাটতি সম্পর্কিত পরিবেশগত এবং বাস্তবস্থান সংক্রান্ত সমস্যা সমাধানে সহায়তা করতে পারে। পরিবেশগত গুরুত্ব, জীববৈচিত্র্যের মান এবং সম্প্রদায়ের চাহিদার কথা মাথায় রেখে বাংলাদেশে সংরক্ষিত এলাকার আকার পরিকল্পিতভাবে বাড়ানো জরুরি। সংরক্ষিত এলাকার সম্প্রসারণ এবং দক্ষ ব্যবস্থাপনা মূলত সরকারি প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা এবং স্থানীয় স্টেকহোল্ডারদের মধ্যে পারস্পরিক সহযোগিতার উপর নির্ভরশীল।

৫.৮। সচেতনতা এবং শিক্ষা

প্রাকৃতিক আবাসস্থল, বন, উদ্ভিদের বৈচিত্র্য এবং জলাভূমি সংরক্ষণের উপকারিতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা, পাশাপাশি বাংলাদেশের উদ্ভিদ বৈচিত্র্য সংরক্ষণে অপরিহার্য উপাদানের ক্ষতিকারক প্রভাবসমূহ যেমন আবাসস্থলের ক্ষতি এবং অবক্ষয়, অটেকসই কৃষি পদ্ধতি যেমন কুম বা স্থানান্তর চাষ, দখল, জমির রূপান্তর, বন উজাড়, দগি, বনজ ও অ-বনজ দ্রব্যের অতিরিক্ত আহরণ, অতিরিক্ত গোচরানো, প্রাকৃতিক গাছপালা থেকে প্রাণ জ্বালানী কাঠ ও পত খাদ্যের অটেকসই ব্যবহার, এক দূষণ ইত্যাদি সম্পর্কিত ধারণা প্রদান করা। উদ্ভিদ বৈচিত্র্যের জন্য সচেতনতা বৃদ্ধি এবং প্রশংসার মাধ্যমে জন সর্মর্ধন বৃদ্ধি এবং সংরক্ষণ উদ্যোগে সম্পৃক্ত করা যেতে পারে। গাছপালা এবং বাস্তবতার গুরুত্ব, তাদের উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব, টেকসই অনুশীলনকে সর্মর্ধনের প্রয়োজনীয়তা, বন উজাড়ের ক্ষতিকারক প্রভাব এবং উদ্ভিদ বৈচিত্র্যের ক্ষতি সম্পর্কে জনগণকে শিক্ষা প্রদান অপরিহার্য। বাংলাদেশের উচিত তার নাগরিকদের মধ্যে সংরক্ষণ সংস্কৃতি এবং পরিবেশগত দায়িত্ব গঠন করা,

উদ্ভিদ বৈচিত্র্য সংরক্ষণের জন্য জনসচেতনতা এবং শিক্ষা বৃদ্ধি করা এবং নিম্নলিখিত কৌশলগতিকে বাস্তবে প্রয়োগ করে টেকসই উন্নয়নে অবদান রাখা উচিত:

- (ক) স্কুল পর্যায়ের সকল স্তরের জাতীয় পাঠ্যক্রমে উদ্ভিদ বৈচিত্র্য এবং সংরক্ষণ সম্পর্কিত বিষয়গুলি অন্তর্ভুক্ত করা উচিত;
- (খ) স্কুল ও প্রতিষ্ঠানসমূহে উদ্ভিদ বৈচিত্র্য, বাস্তব পরিবেশ এবং সংরক্ষণ কৌশলগুলির উপর গুরুত্বারোপ করে পরিবেশগত শিক্ষার উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করা;
- (গ) স্থানীয় সম্প্রদায়ের প্ররোচনা এবং সাংস্কৃতিক প্রেক্ষাপটে নির্ধারিত উদ্ভিদ বৈচিত্র্য সম্পর্কে শিক্ষামূলক এবং সচেতনতা বৃদ্ধির উদ্যোগে অংশগ্রহণ করা;
- (ঘ) যুব সংগঠন এবং প্রকৃতি গোষ্ঠীগুলি সৃষ্টি এবং সমর্থন করার মাধ্যমে উদ্ভিদ বৈচিত্র্যের সংরক্ষণ এবং উপলব্ধি উন্নত করা;
- (ঙ) উদ্ভিদ বৈচিত্র্য, সংরক্ষণ সাক্ষ্যের গল্প, এবং পরিবেশগত সমস্যা সম্পর্কে তথ্য প্রচারের জন্য পপমাধ্যমকে অভিহিত করা। উদ্ভিদ বৈচিত্র্য সম্পর্কিত বিষয়ে জনসাধারণকে অবহিত ও উত্থুদ্ধ করা, উদ্ভিদ বৈচিত্র্যের ক্ষেত্রে বিশেষজ্ঞ এবং সংরক্ষণবিদদের সাথে উন্মুক্ত আলোচনা, সেমিনার এবং কর্মশালার আয়োজন করা;
- (চ) উদ্ভিদ বৈচিত্র্যের তাৎপর্য, এর সুবিধা এবং স্বত্ত্ব জিন্মা যা পার্থক্য করতে পারে সে সম্পর্কে জ্ঞান বাড়াতে উদ্ভিদ বৈচিত্র্য সংরক্ষণের বিষয়ে জাতীয় সচেতনতামূলক কর্মসূচি চালু করা;
- (ছ) জনসাধারণকে বিজ্ঞানের উদ্যোগসমূহে অংশ গ্রহণে উৎসাহিত করে উদ্ভিদ বৈচিত্র্যের তথ্য সংগ্রহ করা;
- (জ) প্রাকৃতিক অঞ্চল এবং প্রজাতির সাংস্কৃতিক সম্পৃক্ততার উপর জোর দিয়ে, উদ্ভিদ বৈচিত্র্যের সাথে সাংস্কৃতিক ও ঐতিহাসিক যোগসূত্র সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা;
- (ঝ) টেকসই এবং পরিবেশবান্ধব কৃষি ও বনায়ন অনুশীলন সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দেওয়া যা উদ্ভিদ বৈচিত্র্য এবং বৈচিত্র্য সম্পর্কিত দেশীয় ও স্থানীয় জ্ঞান সংরক্ষণে সহায়তা করা;
- (ঞ) পরিবেশ বান্ধব জীবনধারা এবং আহরণ ও অভিমতসমূহের সুবিধা সম্পর্কে জনসাধারণকে উৎসাহিত করা;
- (ট) এনজিও, সংরক্ষণ গোষ্ঠী এবং একাডেমিক প্রতিষ্ঠানের সহযোগিতায় উদ্ভিদ বৈচিত্র্যের উপর শিক্ষামূলক প্রকল্প এবং কর্মসূচির বিকাশ ও বাস্তবায়ন করা;
- (ঠ) উদ্ভিদ বৈচিত্র্য রক্ষায় কাজ করে এমন ব্যক্তি ও গোষ্ঠীকে পুরস্কার ও স্বীকৃতি প্রদান করা: তারা উদ্ভিদ বৈচিত্র্য সংরক্ষণের জন্য কতটা ভাল কাজ করছে তা নির্ধারণ করতে সচেতনতা বৃদ্ধির প্রচারণার ফলাফলের উপর নজরদারি করা।

৫.৯। অন্যান্য কার্যকরী এলাকা-ভিত্তিক সংরক্ষণ ব্যবস্থা (OECM) এবং IUCN সবুজ তালিকা বাস্তবায়ন

ঐতিহ্যগত সুরক্ষিত এলাকার পাশাপাশি অন্যান্য কার্যকরী এলাকা-ভিত্তিক সংরক্ষণ ব্যবস্থা (OECMs) উদ্ভিদ ও জীববৈচিত্র্য রক্ষার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ সংরক্ষণ ব্যবস্থাসমূহ ব্যাপক পরিসরে সংরক্ষণ কৌশলগতিকে অন্তর্ভুক্ত করে যেগুলি সাধারণ সুরক্ষিত এলাকার কঠোর মানদণ্ড পূরণ করতে পারে না যদিও সেগুলি এখনও উদ্ভিদ এবং বাস্তবতন্ত্রের সংরক্ষণে উল্লেখযোগ্যভাবে অবদান রাখে। OECM-এর উদাহরণগুলির মধ্যে রয়েছে সম্প্রদায়-পরিচালিত সংরক্ষণ এলাকা, আদিবাসী ভূমি, ব্যক্তি মালিকানাধীন সংরক্ষিত এলাকা, এবং টেকসইভাবে পরিচালিত প্রাকৃতিক ভূদৃশ্যাবলী। এই অঞ্চলগুলি প্রায়শই মানুষের ক্রিয়াকলাপ এবং প্রকৃতির মধ্যে একটি সামঞ্জস্যপূর্ণ সহাবস্থানকে উৎসাহিত করে, যা স্থানীয় উদ্ভিদ প্রজাতি এবং তাদের আবাসস্থল সংরক্ষণ প্রদান করে এবং সেই সাথে টেকসই জীবিকাকেও সমর্থন করে। OECM-এর উপকারিতাকে স্বীকৃতি দিয়ে এবং বৃহত্তর সংরক্ষণ প্রচেষ্টায় তাদের অন্তর্ভুক্ত করার মাধ্যমে আমরা উদ্ভিদের সুরক্ষা বাড়াতে পারি এবং বিভিন্ন প্রাকৃতিক দৃশ্যাবলী ও প্রেক্ষাপটে উদ্ভিদ প্রজাতির দীর্ঘমেয়াদী টিকে থাকা নিশ্চিত করতে পারি।

নিরাপদ এবং সংরক্ষিত এলাকার IUCN সবুজ তালিকা সুরক্ষিত এলাকার উদ্ভিদ প্রজাতির সংরক্ষণে কার্যকরিতা মূল্যায়নের জন্য একটি বিশ্বব্যাপী মানদণ্ড হিসাবে কাজ করে। মানদণ্ড এবং সূচকগুলির একটি সমন্বিত সেটের মাধ্যমে, এটি উদ্ভিদ জীববৈচিত্র্য রক্ষা, আবাসস্থল টেকসইভাবে পরিচালনা, আক্রমণাত্মক প্রজাতি নিয়ন্ত্রণ, স্থানীয় সম্প্রদায়কে সম্পৃক্ত করা, বৈজ্ঞানিক পবেষণা এবং পর্যবেক্ষণ সহায়তা করা এবং পরিবর্তিত পরিবেশ পরিস্থিতির সাথে খাপ খাইয়ে নেওয়ার জন্য সুরক্ষিত এলাকার সক্ষমতা মূল্যায়ন করে। সংরক্ষণ অনুশীলনে স্ট্রেচভের স্বীকৃতি এবং উন্নতির মাধ্যমে সবুজ তালিকা সুরক্ষিত এলাকাগুলিকে উদ্ভিদ প্রজাতি এবং তাদের বাস্তবতন্ত্রের সুরক্ষা, পুনরুদ্ধার এবং টেকসই ব্যবস্থাপনায় সক্রিয়ভাবে অবদান রাখতে উৎসাহিত করে।

৫.১০. আইনি ব্যবস্থা সংস্কার এবং বাস্তবায়ন

উদ্ভিদ বৈচিত্র্য সুরক্ষা সম্পর্কিত বাংলাদেশের আইনসমূহ ক্রিয়মান বিষয়গুলিকে অন্তর্ভুক্ত করে। টেকসই ভূমি ব্যবহারের অনুশীলনগুলিকে উৎসাহিত ও উন্নীত করে যা উদ্ভিদের বৈচিত্র্য বৃদ্ধি করে এবং প্রাকৃতিক আবাসস্থল সংরক্ষণের জন্য আইন ও প্রবিধানগুলিকে কার্যকর ও প্রয়োগ করে এমন নীতিগুলিকে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসাবে বিবেচনা করা উচিত।

জীববৈচিত্র্য বজায় রাখা, বনের বাস্তুতন্ত্র রক্ষা এবং টেকসই বন ব্যবস্থাপনাকে উৎসাহিত করার জন্য বাংলাদেশের বন বিধি অপরিহার্য। কেআইনি বাগিচা এবং বৃক্ষপূর্ণ উদ্ভিদ প্রজাতির আহরণ বন্ধ করার জন্য আইন ও বিধি প্রয়োগ করা। বাংলাদেশে বন নিয়ন্ত্রণের নিয়মে কিছু ক্রটি থাকায় উক্ত আইনটি সম্পূর্ণরূপে সংস্কার করা, এটি আরও কঠোরভাবে প্রয়োগ করা, পাশাপাশি স্থানীয় জনগণকে সম্পৃক্ত করা, ঐতিহ্যগত জ্ঞানকে অন্তর্ভুক্ত করা এবং অন্যান্য প্রাসঙ্গিক আইনের সাথে উদ্ভিদ বৈচিত্র্য সংরক্ষণ প্রবিধানের সমন্বয় করা প্রয়োজন।

বাংলাদেশের গুরুত্বপূর্ণ বন আইন ও প্রবিধানগুলির মধ্যে রয়েছে ১৯২৭ সালের বন আইন, ১৯৭৪ সালের বন্যপ্রাণী (সংরক্ষণ) আইন, বাংলাদেশ বন আইন, ১৯৭৮ এবং পরবর্তী সংশোধনী, বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ) (সংশোধন) আইন ২০১২, ২০০০ সালের বন (সংশোধন) আইন, ২০০১ সালের পর্বত চট্টগ্রাম (সিএইচটি) ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন আইন, ১৯৯৫ সালের পরিবেশ সংরক্ষণ আইন, পরিবেশ সংরক্ষণ বিধি ১৯৯৭, ২০১৭ সালের সুন্দরবন সংরক্ষিত বন বিধি, এবং ১৯৯৪ সালের বন নীতিমালা। সরকারের গৃহীত অন্যান্য আইন প্রণয়ন নীতি ও পদ্ধতির মধ্যে রয়েছে জাতীয় জীববৈচিত্র্য কৌশল ও কর্ম পরিকল্পনা (NBSAP); জাতীয় সংরক্ষণ কৌশল (NCS); জাতীয় পরিবেশ ব্যবস্থাপনা কর্ম পরিকল্পনা (NEMAP); বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং টেকসই পরিবেশ ব্যবস্থাপনা কার্যক্রম (SEMP) এবং সংরক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনার জন্য নিসর্গ সহায়তা প্রকল্প (NSP)। এই আইন, প্রবিধান, নীতি এবং পল্লীতলি কঠোরভাবে মেনে চলতে হবে। ক্রমবর্ধমান সংরক্ষণের প্রয়োজনীয়তা এবং উদ্বেগগুলিকে মোকাবেলা করার জন্য, এই আইনী উদ্যোগগুলিকে যোগাযোগী এবং সংশোধন করা প্রয়োজন হতে পারে। গাছপালা, জীববৈচিত্র্য এবং তাদের আবাসস্থল ও বাস্তুতন্ত্র রক্ষার জন্য এই সমস্ত আইন, প্রবিধান, নীতি এবং পল্লীতলির কার্যকর প্রয়োগ করতে হবে।

৫.১১। টেকসই বন ব্যবস্থাপনা

জীববৈচিত্র্য রক্ষার জন্য টেকসই বন ব্যবস্থাপনা অত্যাবশ্যক, কিন্তু বাংলাদেশ আজ এই বিষয়ে নানা প্রতিশ্রুতির সত্ত্বেও যেমন অর্ধের খলতা, কমী সমস্যা এবং অপরাধ প্রযুক্তিগত সহায়তা। এই বাঁচানমুহ মোকাবেলা করতে এবং বনজ সম্পদের টেকসই ব্যবহার নিশ্চিত করা, বাংলাদেশের প্রয়োজন প্রয়োগ গছতিতলোকে জোরদার করা, স্থানীয় সম্প্রদায়কে সিত্বান্তগ্রহণে সম্পৃক্ত করা, টেকসই আহরণ কৌশল প্রয়োগ করা এবং পুনঃবনায়ন ও বনায়ন প্রকল্পসমূহে বিনিয়োগ করা। কার্যকর সংরক্ষণ প্রচেষ্টাজলোকে আরো জোরদার করার জন্য জনশিক্ষা এবং উন্নত তথ্য সংগ্রহ ও গবেষণাও অপরিহার্য। সরকারী প্রতিষ্ঠান, কেন্দ্রকারী সংস্থা এবং আন্তর্জাতিক অংশীদারদের মধ্যে পারস্পরিক সহযোগিতার উন্নতি এই সমস্যাজলির সমাধান এবং টেকসই বন ব্যবস্থাপনার উন্নয়নের চালিকাঠি।

টেকসই বন ব্যবস্থাপনা বাস্তুতন্ত্র-ভিত্তিক অভিযোজন, জীববৈচিত্র্য মন্যায়ন, আবাসস্থল সুরক্ষা ও পুনরুদ্ধার, সুনির্দিষ্ট উপারে কাঠ আহরণ, বাকার অক্ষল এবং কেন্দ্রীয় অক্ষলগুলি নিয়ন্ত্রণ রাখা, অকার্ঠল বনজ গণ্যের উন্নয়ন, আশুন লিয়ন্ত্রণ, সম্প্রদায়ের সম্পৃক্তকরণ, আইন প্রয়োগ, গরম্পর সহযোগিতা, বন প্রশংগাপণ প্রদান, সমন্বিত ভূমি ব্যবহার পরিকল্পনা, জলবায়ু পরিবর্তন প্রশমন, গবেষণা, পর্যবেক্ষণ, এবং জনসচেতনতা উন্নয়নসহ ব্যাপক পরিসরে কৌশলগুলিকে অন্তর্ভুক্ত করা। এই পদ্ধতিটি পরিবেশগত, অর্থনৈতিক এবং সামাজিক উদ্দেশ্যগুলির ভারসাম্য বজায় রাখে এবং যা ভবিষ্যত প্রজন্মের জন্য পৃথিবীর প্রাকৃতিক ঐতিহ্য রক্ষায় অত্যন্ত গুরুত্বপূর্ণ।

৫.১২। ম্যানগ্রোভ পুনরুদ্ধার এবং সংরক্ষণ উন্নয়ন

ম্যানগ্রোভ বনসমূহ সংরক্ষণ ও পুনরুদ্ধার অত্যাবশ্যক কারণ এগুলো বিভিন্ন আবাসস্থলকে সুরক্ষা করে এবং লবণাক্ততার বিরুদ্ধে প্রাকৃতিক বাধা হিসেবে কাজ করে, এবং আক্রমণ বা আঘাত প্রশমিত করতে সাহায্য করে। বাংলাদেশে সুন্দরবন একটি বিস্তীর্ণ ম্যানগ্রোভ বাস্তুতন্ত্র যা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করার ম্যানগ্রোভ সংরক্ষণ এবং পুনরুদ্ধার সর্বাধিক তাৎপর্যপূর্ণ। বিশেষ করে জীববৈচিত্র্য সংরক্ষণ, জলবায়ু পরিবর্তন প্রশমন এবং উপকূলীয় সুরক্ষার জন্য অপরিহার্য। বাংলাদেশে বন ব্যবস্থাপনা, সম্প্রদায়-পরিচালিত সংরক্ষণ, এবং ম্যানগ্রোভের পুনরুদ্ধার ও সংরক্ষণ সম্পর্কিত জটিল সমস্যাসমূহের সমাধানের জন্য সুস্পষ্ট এবং উপযুক্ত কৌশল প্রয়োজন। এই লক্ষ্যগুলি অর্জন করতে এবং জীববৈচিত্র্যের সংরক্ষণ, জলবায়ু পরিবর্তনের প্রশমন এবং উপকূলীয় জনগোষ্ঠীর কল্যাণ নিশ্চিত করতে, সরকার, কেন্দ্রকারী সংস্থা, স্থানীয় সম্প্রদায় এবং আন্তর্জাতিক অংশীদারদের মধ্যে পারস্পরিক সহযোগিতা সম্পৃক্ত বহুমুখী উদ্যোগ বাস্তবায়ন অত্যাবশ্যক।

৫.১৩। জলাভূমি সংরক্ষণ নিশ্চিতকরণ

বাংলাদেশে জীববৈচিত্র্যের স্থায়িত্ব, পরিবেশগত ভারসাম্য, জীবিকা সহায়তা এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমনের জন্য জলাভূমির সুরক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই গুরুত্বপূর্ণ বাস্তুতন্ত্রগুলির সংরক্ষণ এবং টেকসই ব্যবস্থাপনার জন্য দীর্ঘমেয়াদী প্রতিশ্রুতি প্রদর্শন করে, সমন্বিত প্রচেষ্টায় সহযোগিতা করা সংশ্লিষ্ট সকলের জন্য অপরিহার্য।

জলাভূমি বাস্তুতন্ত্রের মধ্যকার সমৃদ্ধ উদ্ভিদ-বৈচিত্র্য রক্ষা করার জন্য একটি সমন্বিত উদ্যোগের প্রয়োজন। এ উদ্যোগের মধ্যে রয়েছে জলাভূমি চিহ্নিতকরণ ও মানচিত্রকরণ, কার্যকর আইনি সুরক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠা, আবাসস্থল পুনরুদ্ধার, পানির গুণগতমান নিয়ন্ত্রণ, টেকসই ভূমি ব্যবহারের পরিকল্পনা অনুশীলন, জলবিদ্যুৎ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা বাস্তবায়ন, আক্রমণাত্মক প্রজাতি নিয়ন্ত্রণ, স্থানীয় সম্প্রদায়কে সম্পৃক্ত করা, জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাইয়ে নেওয়া, জনসচেতনতা ও শিক্ষা কার্যক্রম বৃদ্ধি করা, আন্তর্জাতিক সহযোগিতা উৎসাহিত করা এবং প্রাসঙ্গিক নীতি ও আইন প্রণয়ন করা। এই প্রচেষ্টাজলোকে বাস্তবায়ন করার জন্য পর্যাপ্ত তহবিলও অপরিহার্য।

৫.১৪। স্থানান্তর চাষাবাদ নিয়ন্ত্রণ এবং প্রভাব প্রশমিত করা

স্থানান্তর চাষ, যা খুম নামেও পরিচিত এবং এটি আদিবাসী সম্প্রদায়ের সাংস্কৃতিক ঐতিহ্যের মধ্যে একটি প্রথাগত অন্তর্নিহিত ইতিহাস ধারণ করে। স্থানান্তর চাষাবাদের অভ্যাসকে কার্যকরভাবে কমাতে, এই আদিবাসী সম্প্রদায়কে সঠিক উপায়ে চুক্তিবদ্ধভাবে সম্পৃক্ত করা অপরিহার্য। তাদের এই সাংস্কৃতিক ঐতিহ্যকে সম্মান করার পাশাপাশি বিকল্প এবং আধুনিক চাষ পদ্ধতিতে সম্পৃক্ত করতে উদ্বুদ্ধ করা গুরুত্বপূর্ণ। পরিবেশ সংরক্ষণের সাথে সাংস্কৃতিক উত্তরাধিকারকে সামঞ্জস্যপূর্ণ করে এমন টেকসই ভূমি ব্যবস্থাপনা অনুশীলনে উদ্বুদ্ধ করা অপরিহার্য। এই সহযোগিতামূলক প্রচেষ্টার ডিগ্রি অবশ্যই আদিবাসী জনগোষ্ঠীর চাহিদা এবং দৃষ্টিভঙ্গির প্রকৃতি সঠিক অনুধাবনের মাধ্যমে হতে হবে। খুম চাষের সাংস্কৃতিক গুরুত্ব এবং উদ্ভিদ বৈচিত্র্য ও বাস্তুতন্ত্র রক্ষণ অপরিহার্যতার মধ্যে ভারসাম্য বজায় রাখা, বিকল্প জীবিকাকে গুরুত্বের সাথে বিবেচনা করা, কৃষি বনায়নকে উৎসাহিত করা এবং সম্প্রদায়-ভিত্তিক সংরক্ষণ উদ্যোগ বাস্তবায়ন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এভাবেই সাংস্কৃতিক ঐতিহ্য ও প্রাকৃতিক পরিবেশ উভয়েরই সংরক্ষণ নিশ্চিত করা সম্ভব।

৫.১৫। কৌশলগত পরিকল্পনা গ্রহণ

উদ্ভিদসহ বাংলাদেশের স্বতন্ত্র এবং বৈচিত্র্যময় বাস্তুতন্ত্রের নানাবিধ হুমকি মোকাবেলা করে উদ্ভিদ সুরক্ষার জন্য কৌশলগত পরিকল্পনা প্রয়োজন। অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প শুরু করার আগে উদ্ভিদ বৈচিত্র্যের উপর সম্ভাব্য প্রভাব চিহ্নিত করতে এবং প্রশমন পরিকল্পনা তৈরি করতে বিস্তারিত পরিবেশগত প্রভাব মূল্যায়ন (EIAs) করা উচিত। জাতীয় কৌশলগত পরিকল্পনা গ্রহণ করার সময় নিম্নলিখিত বিষয়গুলি বিশেষ করে জীববৈচিত্র্য মূল্যায়ন, লক্ষ্য-নির্ধারণ, বাস্তুবসম্মত হুমকি সনাক্তকরণ, আবাসস্থল ও প্রজাতি সংরক্ষণ, টেকসই ভূমি ব্যবহারের পরিকল্পনা, সম্প্রদায়ের সম্পৃক্ততা, সক্ষমতা বৃদ্ধি, জলবায়ু পরিবর্তন অভিযোজন, নীতি ও আইন, জন সচেতনতা ও শিক্ষা, আর্থিক সংস্থান, অভিযোজিত ব্যবস্থাপনা, গবেষণা ও পর্যবেক্ষণ, ইত্যাদি বিবেচনায় নেওয়া উচিত। বাংলাদেশে জীববৈচিত্র্য সংরক্ষণের জন্য কৌশলগত পরিকল্পনা প্রতিষ্ঠা ও বাস্তবায়নের জন্য একটি দীর্ঘমেয়াদী অঙ্গীকার, সহযোগিতা এবং জীববৈচিত্র্য বিষয়গুলিকে আরও সর্বজনীন উন্নয়নের লক্ষ্যে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। জীববৈচিত্র্য সুরক্ষাকে অধিকার দেওয়া এবং একই সাথে বাংলাদেশের অসংখ্য উদ্ভিদ প্রজাতি ও তাদের স্বতন্ত্র আবাসস্থলের টেকসই উন্নয়ন ও মানব কল্যাণে এর গুরুত্ব উপলব্ধি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

৫.১৬। আক্রমণাত্মক প্রজাতির নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা

বাংলাদেশে স্থানীয় বাস্তুতন্ত্র, কৃষি এবং মানুষের জীবিকা সুরক্ষার জন্য আক্রমণাত্মক প্রজাতিগুলির নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনা আবশ্যিক। আক্রমণাত্মক প্রজাতির ব্যবস্থাপনার জন্য সরকারি ও বেসরকারি সংস্থাসমূহ, আঞ্চলিক গোষ্ঠীগুলি, এবং শিক্ষাবিদদের সমন্বিত প্রচেষ্টা প্রয়োজন। বাংলাদেশের বাস্তুতন্ত্র এবং অর্থনীতিতে আক্রমণাত্মক প্রজাতির প্রভাব কমানোর জন্য নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং পরিবেশগত স্থায়িত্বের মধ্যে ভারসাম্য বজায় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আক্রমণাত্মক প্রজাতির পপুলেশন ব্যবস্থাপনার মূল কলাকৌশল ও কর্মপরিকল্পনাগুলির মধ্যে প্রাথমিক সনাক্তকরণ, পর্যবেক্ষণ, আইন ও নিয়ম/প্রবিধান, কুঁকি মূল্যায়ন, কোয়ারেন্টাইন বা সঙ্গিরোধ ব্যবস্থা, জৈব নিরাপত্তা, জৈবিক নিয়ন্ত্রণ, যান্ত্রিক ও রাসায়নিক নিয়ন্ত্রণ, পুনরুদ্ধার ও পুনর্বাসন, সক্ষমতা বৃদ্ধি, কৃষক ও সম্প্রদায়কে প্রশিক্ষণ প্রদান এবং অভিযোজিত ব্যবস্থাপনা, ইত্যাদি অন্যতম।

৫.১৭। কোয়ারেন্টাইন এবং প্রবিধান

বাণিজ্য এবং ভ্রমণের মাধ্যমে নতুন আক্রমণাত্মক প্রজাতির প্রবর্তন রোধ করার জন্য পর্যাপ্ত ব্যবস্থা কার্যকরভাবে বাস্তবায়ন করা উচিত। নতুন রোগের প্রবর্তন ও বিস্তার রোধে উদ্ভিদ ও উদ্ভিদ সামগ্রীর আন্তর্জাতিক সীমান্ত অতিক্রম নিয়ন্ত্রণ করা উচিত। শিল্প, কৃষি এবং অন্যান্য উৎস সংশ্লিষ্ট বায়ু, পানি ও মাটি দূষণ কমানোর জন্য সমস্ত আইন ও প্রবিধান প্রয়োগ এবং বাস্তবায়ন করা উচিত।

৫.১৮। বনায়ন ও পুনর্বনায়ন বৃদ্ধি করা

বাস্তুতন্ত্রের স্বাস্থ্য ও বাতাসের গুণগতমান উন্নত করতে এবং অধ-পতিত এলাকাগুলিকে পুনরুদ্ধার করতে অবশ্যই দেশীয় উদ্ভিদ প্রজাতি রোপণ করতে হবে। বাংলাদেশে বন উজাড় রোধ, জলবায়ু পরিবর্তন হ্রাস, উদ্ভিদ বৈচিত্র্য সংরক্ষণ এবং টেকসই উন্নয়নকে উৎসাহিত করার জন্য বনায়ন ও পুনর্বনায়ন অপরিহার্য কৌশল। বনায়ন ও পুনর্বনায়নকে উৎসাহিত করার জন্য বাংলাদেশ সরকার 'সামাজিক বনায়ন কর্মসূচী'-এর মতো বেশ কয়েকটি উদ্যোগ চালু করেছে যার মাধ্যমে স্থানীয় জনগণের সহায়তায় প্রায়শই সরকারী ও বেসরকারী উভয় জমিতে বৃক্ষ রোপণ করা হয়। এ ধরনের উদ্যোগকে অব্যাহত রাখতে হবে। বনভূমি পুনরুদ্ধার ও বর্ধিতকরণ ও টেকসই ভূমি ব্যবস্থাপনার কৌশল উন্নয়নের জন্য সরকার আঞ্চলিক গোষ্ঠী ও বিদেশী অংশীদারদের সাথে অংশীদারিত্বের মাধ্যমে বেশ কয়েকটি উদ্যোগ চালিয়ে যাচ্ছে। বাংলাদেশে বনায়ন ও পুনর্বনায়ন কর্মসূচির কার্যকারিতা পর্যবেক্ষণ ও মূল্যায়নের জন্য রিমোট সেন্সিং ও স্যাটেলাইট ফটোগ্রাফি প্রযুক্তির ব্যবহার চালিয়ে যাওয়া প্রয়োজন। লবণাক্ত পানির অনুপ্রবেশের প্রভাব প্রশমিত করতে এবং স্থলজ ও জলাজ উভয় প্রজাতির জন্য আবাসস্থল তৈরি করতে উপকূলরেখার চারপাশে লবণ-সহিষ্ণু গাছপালা রোপণ করা উচিত।

৫.১৯। কৃষি-বাস্তুতান্ত্রিক কৃষিব্যবসার সম্প্রচার করা

বাস্তুতন্ত্রের স্বাস্থ্যের উন্নতির জন্য, রাসায়নিক উপাদানের যোগান কমানোর সাথে সাথে উদ্ভিদ ও শস্য বৈচিত্র্যকে অধিকার দেয় এমন কৃষি-বাস্তুতান্ত্রিক অনুশীলনগুলিকে উন্নীত করার সুপারিশ করা হয়। স্থানীয়ভাবে অভিযোজিত শস্যের জাতগুলি চাষের জন্য উৎসাহিত করা,

মিশ্র জৈব সার প্রয়োগ করা, প্রাকৃতিক কীটপতঙ্গ নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করা, কৃষি ব্যবস্থার মধ্যে সততা ও সামাজিক ন্যায্যতা বৃদ্ধি করা, মাটির স্বাস্থ্য নিশ্চিত করা এবং পানির যথাযত ব্যবহার নিশ্চিত করা, ইত্যাদি পদ্ধতি গ্রহণকে উৎসাহিত করা। অধিকন্তু, স্থানীয় ও আদিবাসী সম্প্রদায়ের জ্ঞান ও অনুশীলনের ব্যবহার, পরিবেশগত কীটপতঙ্গ ব্যবস্থাপনার উপর জোর দেওয়া এবং বর্জ্য ও দুহণ কমানো ইত্যাদি এই প্রচেষ্টার কেন্দ্রবিন্দু হওয়া উচিত। বাংলাদেশে একটি টেকসই এবং পরিবেশবান্ধব কৌশল হিসাবে কৃষি-বাস্তবাত্মিক কৃষিব্যবস্থার পদ্ধতি গ্রহণের একটি ক্রমবর্ধমান প্রয়োজনীয়তা রয়েছে।

৫.২০। অভিযোজন এবং সংরক্ষণ প্রচেষ্টার সম্প্রদায়ের সম্পৃক্ততা

পরিবর্তিত পরিবেশগত অবস্থার সাথে খাপ খাইয়ে নিতে এবং সংরক্ষণের উন্নয়নের জন্য সম্প্রদায়ের সম্পৃক্ততা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাদের অভিজ্ঞতা, দক্ষতা এবং প্রতিশ্রুতিকে কাজে লাগিয়ে, স্থানীয় স্টেকহোল্ডার এবং সম্প্রদায়কে এই প্রচেষ্টায় সম্পৃক্ত করে আরও ভাল ফলাফল পাওয়া যেতে পারে। আবাসস্থল সংরক্ষণ, বন ব্যবস্থাপনা অভিযাত্রা, সম্পদের টেকসই ব্যবহার, অভিযোজন পদ্ধতির উন্নয়ন ও বাস্তবায়ন এবং স্থানীয় সম্প্রদায়ের চাহিদা, ঐতিহ্যগত জ্ঞান, অনুশীলন এবং সংরক্ষণের ভূমিকার স্বীকৃতিতে তাদেরকে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে। সম্প্রদায়ের সাথে সম্পৃক্ত হওয়া কোন সহজ কৌশল নয় বরং এটি প্রতিটি সম্প্রদায়ের অনন্য পরিহিষ্টিতে এবং প্রয়োজনীয়তার সাথে সমন্বয় করা উচিত। সবকিছু সঠিকভাবে সম্পন্ন হলে, এটি বাস্তবতায় এবং সম্প্রদায়ের সহনশীলতার উন্নয়নের সাথে সাথে টেকসই উন্নয়ন এবং প্রাকৃতিক সম্পদের সংরক্ষণকে সমর্থন করতে পারে। অভিযোজন এবং সংরক্ষণের প্রচেষ্টায় সম্প্রদায়ের সম্পৃক্ততা স্থানীয় জ্ঞান ও দক্ষতা, মালিকানা ও জবাবদিহিতা, সাংস্কৃতিক সংবেদনশীলতা, সক্ষমতা বৃদ্ধি, সহযোগিতামূলক পরিকল্পনা, সম্পদের প্রাপ্তি, অংশীদারিত্ব, প্রগোদনা ও সুবিধা, পর্যবেক্ষণ ও মূল্যায়ন, বিরোধ নিষ্পত্তি, অভিসোজিত ব্যবস্থাপনা, যোগাযোগ এবং প্রতিক্রিয়া, শিক্ষা ও সচেতনতা, ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয় বিবেচনা করা উচিত।

৫.২১। জলবায়ু-সহনশীল নীতি গ্রহণ, সংশোধন এবং বাস্তবায়ন

জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমিত করার জন্য ভূমি ব্যবহারের পরিকল্পনা, বনায়ন প্রবিধান এবং কৃষি অনুশীলনে জলবায়ু অভিযোজন ব্যবস্থা অন্তর্ভুক্ত করতে হবে। জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP), পানি সম্পদ ব্যবস্থাপনা, উপকূলীয় অঞ্চল ব্যবস্থাপনা, জলবায়ু-সহনশীল কৃষি, স্বাস্থ্যসেবা এবং দুর্গোপ প্রস্তুতি, শক্তি ও অবকাঠামো, সম্প্রদায়-ভিত্তিক অভিযোজন, গবেষণা ও জ্ঞান ভাগ করে নেওয়া, অর্থায়ন এবং আন্তর্জাতিক সহযোগিতা, সক্ষমতা বৃদ্ধি, জলবায়ু শিক্ষা এবং সচেতনতা, নিয়ন্ত্রিত কাঠামো, বাজার প্রবেশাধিকার এবং মূল্য শৃঙ্খল ইত্যাদি বাংলাদেশের প্রধান জলবায়ু-সহনশীল নীতি ও কৌশল হওয়া উচিত।

৫.২২। জলবায়ু অভিযোজন উদ্যোগ চালু করা

বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের কারণে ঝুঁকিপূর্ণ, যা অবিরাম মূল্যায়ন, পরিকল্পনা এবং পদক্ষেপের প্রয়োজন। বাংলাদেশ সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, ঘূর্ণিঝড়ের মাত্রা বৃদ্ধি, ঘন ঘন বন্যা, অনিয়মিত বৃষ্টিপাত এবং তাপমাত্রার পরিবর্তনের ঝুঁকিতে রয়েছে। দেশটির জনসংখ্যার উচ্চ ঘনত্ব এবং সীমাবদ্ধ সম্পদের পরিপ্রেক্ষিতে জীবন বাঁচানো, জীবিকা রক্ষা এবং পরিবর্তনশীল জলবায়ুর প্রভাব থেকে সম্প্রদায়ের দীর্ঘমেয়াদী স্থিতিশীলতা নিশ্চিত করার জন্য কার্যকর অভিযোজন কৌশল অপরিহার্য। প্রারম্ভিক সতর্কতা ব্যবস্থা, জলবায়ু সহনশীল অবকাঠামো, বন্যা ও নদীতীরের ক্ষয় ব্যবস্থাপনা, অভিযোজিত কৃষি, জলজ চাষ ও মৎস্য চাষ, ম্যানগ্রোভ পুনরুদ্ধার, সম্প্রদায়-ভিত্তিক অভিযোজন, স্বাস্থ্যসেবা প্রস্তুতি, জলবায়ু-সহনশীল নগর পরিকল্পনা, জাতীয় অভিযোজন পরিকল্পনা (NAP), গবেষণা এবং জ্ঞান বিনিময়, আন্তর্জাতিক সহযোগিতা, সক্ষমতা উন্নয়ন এবং অর্থায়ন বাংলাদেশের জলবায়ু অভিযোজনের জন্য অপরিহার্য উপাদান।

৫.২৩। রোগ পর্যবেক্ষণ এবং প্রাথমিক সনাক্তকরণ

সতর্ক নজরদারি ব্যবস্থার মাধ্যমে প্রাথমিক রোগ সনাক্তকরণ দ্রুত চিকিৎসার পথ প্রশস্ত করে। রোগজীবাণুর বিস্তার নিয়ন্ত্রণ, ফসলের ক্ষয়ক্ষতি কমাতে এবং খাদ্য সরবরাহের নিরাপত্তা নিশ্চিত করতে, উদ্ভিদ রোগের প্রাথমিক পর্যবেক্ষণ ও সনাক্তকরণ অপরিহার্য। এগুলি অর্থনীতি এবং পরিবেশের উপর প্রাদুর্ভাবের নেতিবাচক প্রভাবগুলিকে উল্লেখযোগ্যভাবে হ্রাস করতে পারে। কার্যকরভাবে কৃষি এবং প্রাকৃতিক বাস্তবায়ন রক্ষা করার জন্য একাধিক পর্যবেক্ষণ কৌশলকে সমন্বিত করা এবং নতুন রোগের ছমকির বিষয়ে আধুনিক তথ্য থাকা অপরিহার্য। যথাসম্ভব দ্রুত প্রাথমিক সনাক্তকরণ ব্যবস্থাপনা পরিকল্পনা এবং হস্তক্ষেপ রোগ নিরাময় সক্ষম করে। তথ্য সংগ্রহ ও চাক্ষুষ পরিদর্শন, রোগ নির্দেশিকা ব্যবহার, নমুনা এবং রোগ লক্ষণ পর্যবেক্ষণ পরিসেবা, দূর অনুধাবন, আবহাওয়া পর্যবেক্ষণ, মর্দ ফসল ও নির্দেশক উদ্ভিদ, জৈব নিরাপত্তা সতর্কতা, তথ্য সংগ্রহ এবং নথিভুক্ত করা, প্রযুক্তি ব্যবহার, সহযোগিতা ও তথ্য বিনিময়, এবং নিয়মিত জরিপ উদ্ভিদের রোগ পর্যবেক্ষণ এবং প্রাথমিক সনাক্তকরণের জন্য এ সমস্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং পদ্ধতিসমূহ ব্যবহার করা যেতে পারে। সঠিক শস্য ব্যবস্থাপনা কৌশল গাছের খাড়া উন্নত করতে পারে এবং রোগের ঝুঁকি কমাতে পারে।

৫.২৪। নিয়মিত পর্যবেক্ষণ এবং নজরদারি

বনাঞ্চলে নিয়মিতভাবে পর্যাপ্ত পর্যবেক্ষণ এবং নজরদারি ব্যবস্থা বাস্তবায়ন করা অপরিহার্য। বন ব্যবস্থাপনা, সংরক্ষণ ও সুরক্ষার জন্য এবং সেইসাথে দখল ও অবৈধ বৃক্ষ কর্তন শনাক্ত করা ও বন্ধ করার জন্য অন্যান্য বিষয়গুলির মধ্যে বনাঞ্চলের উপর পর্যবেক্ষণ ও নজরদারি অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ। তারা বাস্তবতায় শাস্ত্রের অবস্থা নির্ধারণে, চোরালান এবং বৃক্ষ কর্তনের মতো অবৈধ কার্যকলাপ চিহ্নিত ও বন্ধ করতে এবং এমনকি দাবানলের মতো প্রাকৃতিক দুর্ঘটনের প্রভাব হ্রাস করতেও সহায়তা করে। রিমোট সেন্সিং এবং স্যাটেলাইট ইমেজ,

ভৌগোলিক তথ্য ব্যবস্থা (GIS), আবহাওয়া ও জলবায়ু পর্যবেক্ষণ, অগ্নি সনাক্তকরণ সিস্টেম, অবৈধ কার্যকলাপ সনাক্তকরণ, সম্প্রদায়-ভিত্তিক পর্যবেক্ষণ, যন্ত্র ব্যবহার শিক্ষা, কৃত্রিম বুদ্ধিমত্তা, রেঞ্জার টহল, এবং সহযোগী প্র্যাকটিস ব্যবহার করে বনাঞ্চলের উপর পর্যবেক্ষণ ও নজরদারি করার পরামর্শ দেওয়া হয়। গুরুত্বপূর্ণ বাস্তুতন্ত্রের টেকসই ব্যবস্থাপনা ও সুরক্ষা নিশ্চিত করতে, পর্যবেক্ষণ ও নজরদারি জন্য বিভিন্ন কৌশল ও প্রযুক্তির সমন্বয় এবং সেইসাথে সরকারি সংস্থা, সংরক্ষণ গোষ্ঠী এবং স্থানীয় জনগণের মধ্যে সহযোগিতা প্রয়োজন।

৫.২৫। CITES নিয়ম ও প্রবিধান অনুসরণ করা

লাল তালিকা প্রক্রিয়ার মাধ্যমে IUCN বাংলাদেশ প্রথমবারের মতো ১০০০ টি উদ্ভিদ প্রজাতির মূল্যায়নের উদ্যোগ নিয়েছে যার মধ্যে ৩৮ টি অর্কিড প্রজাতির হুমকির অবস্থার মূল্যায়ন অন্তর্ভুক্ত রয়েছে। বাণিজ্যের চাহিদার কারণে, এই প্রজাতিগুলির মধ্যে কতিপয় প্রজাতি CITES তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য আক্রমণ আন্দোলন এবং পর্যালোচনার প্রয়োজন হতে পারে।

৫.২৬। ইন-সিটু সংরক্ষণ

ইন-সিটু সংরক্ষণ বলতে উদ্ভিদ প্রজাতির প্রাকৃতিক আবাসস্থলের মধ্যে সংরক্ষণকে বোঝায়। এই পদ্ধতির লক্ষ্য হল পাছপালাকে তাদের স্থানীয় বাস্তুতন্ত্রে রক্ষা করা এবং তাদের বেঁচে থাকাকে সমর্থন করে এমন পরিবেশপত প্রক্রিয়াগুলি অক্ষুণ্ণ রাখা। বাংলাদেশে উদ্ভিদ সংরক্ষণের প্রেক্ষাপটে, দেশের অনন্য উদ্ভিদ বৈচিত্র্য রক্ষার জন্য ইন-সিটু সংরক্ষণ একটি গুরুত্বপূর্ণ কৌশল। প্রাকৃতিক সংরক্ষণ, সংরক্ষিত এলাকা (যেমন, জাতীয় উদ্যান, বনাঞ্চলীয় অভয়ারণ্য এক পেম রিজার্ভ), বিশ্ব ঐতিহ্য স্থান এবং রামসার সাইট ইত্যাদি বাংলাদেশের ইন-সিটু সংরক্ষণ উদ্যোগের অংশ। FRA ২০০৫ প্রতিবেদন অনুযায়ী দেশের প্রায় ২০.৯% বন (৮.৭১ মিলিয়ন হেক্টরের মধ্য) প্রাথমিকভাবে সংরক্ষণের উদ্দেশ্যে পরিচালিত (FAO 2006)। বাংলাদেশে ইন-সিটু সংরক্ষণ অঞ্চলগুলো হল-

রক্ষিত এলাকা (PAs): বাংলাদেশে ৫৩ টি সংরক্ষিত এলাকা রয়েছে (BFD 2023)।

হেরিটেজ সাইট: সুন্দরবন ম্যানগ্রোভ ফরেস্ট (Mukul 2007)।

রামসার সাইট: সুন্দরবন এবং টাঙ্গুর হাওর (Mukul 2007)।

Ecologically Critical Area (ECA): ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্ট (DoE) এর ঘোষণা অনুযায়ী বাংলাদেশে ECA এর সংখ্যা আটটি, সেগুলো হলো: কক্সবাজার-টেকনাফ সমুদ্র সৈকত, সেন্টমার্টিন দ্বীপ, সোনদিয়া দ্বীপ, হাকালুকি হাওর, টাঙ্গুর হাওর, মারজাত বাঁওড়, গুলশান লেক, ১০ কিলোমিটার স্ট্রিপ, সুন্দরবন সংরক্ষিত বনের বাইরে ম্যানগ্রোভ বন (Islam 2005, Kothari et al. 2000)।

ইকো-পার্ক এবং সাফারি পার্ক: বেশ কয়েকটি ইকো পার্ক এবং দুটি সাফারি পার্ক (অর্থাৎ, বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারি পার্ক, ডুলাহাজরা, কক্সবাজার এবং বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারি পার্ক, গাজীপুর) যেখানে ইন-সিটু এবং এক্স-সিটু উভয় ধরনের সংরক্ষণ কৌশল প্রয়োগ করা হয়েছে।

৫.২৭। এক্স-সিটু সংরক্ষণ

এক্স-সিটু সংরক্ষণের মধ্যে উদ্ভিদ প্রজাতির প্রাকৃতিক আবাসস্থলের বাইরে সংরক্ষণ ও সুরক্ষা জড়িত। এই পদ্ধতিটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ সেই সকল প্রজাতির জন্য যারা অতি বিপন্ন বা সংকটাপন্ন এবং পীমাবদ্ধ পরিসীমায় বিস্তৃত অথবা যারা প্রাকৃতিক পারবেশে প্রত্যক্ষ হুমকির সম্মুখীন। বাংলাদেশে উদ্ভিদ সংরক্ষণের প্রেক্ষাপটে সংরক্ষণ ব্যবস্থার অধীনস্থ প্রচেষ্টার পরিপূরক হিসাবে বিপন্ন উদ্ভিদ প্রজাতির টিকে থাকা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশে এক্স-সিটু সংরক্ষণ অঞ্চলগুলো হল-

বোটানিক্যাল গার্ডেন: জাতীয় উদ্ভিদ উদ্যান, মিরপুর; বলধা গার্ডেন (Mukul 2007)।

সংরক্ষণ পট: বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) কর্তৃক বিভিন্ন পাথড়ি বনে পাঁচটি সংরক্ষণ পট এবং সুন্দরবনে ২৭ টি পট।

ক্লোন ব্যাংক: দুটি ক্লোন ব্যাংক (হায়াকো, চট্টগ্রাম ও উবিয়া, কক্সবাজার)। এখানে সাতটি বৃক্ষ প্রজাতি সংরক্ষিত আছে (Mukul 2007)।

বিএফআরআই আর্বোরেটাম: ২৭ প্রজাতির বাঁশের একটি আর্বোরেটাম, ৪০ জাতির ঔষধি গাছের সংগ্রহসহ একটি আর্বোরেটাম, সাত প্রজাতির বেতের একটি আর্বোরেটাম, এছাড়া ৫৬, ৫৬ এবং ৫২ টি বিভিন্ন বৃক্ষ প্রজাতির তিনটি ভিন্ন আর্বোরেটাম রয়েছে (Mukul 2007)।

জীৱন্ত সংগ্রহ: জীৱন্ত সংগ্রহ সাধারণত গ্রীষ্মকালে কোন পাত বা অন্য কোন কণ্টইনারে জীৱন্ত উদ্ভিদের রক্ষণাবেক্ষণ সম্পূর্ণ। এই সংগ্রহগুলি বিভিন্ন বাস্তুতন্ত্র এবং উদ্ভিদ প্রজাতির প্রতিনিধিত্ব করতে পারে এবং এগুলো গবেষণা, শিক্ষা এবং সম্ভাব্য ভবিষ্যতের পুনঃপ্রবর্তনের উৎস হিসাবেও কাজ করতে পারে। এক্ষেত্রে বিভিন্ন বিশ্ববিদ্যালয়সমূহ যেখানে গ্রিনহাউজ সুবিধা রয়েছে সেখানে জীৱন্ত সংগ্রহ করা যেতে পারে। উদাহরণ হিসেবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ফরেস্ট্রি অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস এর নাম উল্লেখ করা যেতে পারে যেখানে বীজ অঙ্কুরোদগমের জন্য গ্রীষ্মকালে সুবিধা রয়েছে।



*Alstonia scholaris*_LC

তথ্যসূত্র



*Cordia dichotoma*_LC

© Md Sharif Hossain Sourav

৬। তথ্যসূত্র

- Ahmed, M., and Rahman, M. S. 2015. Ethnobotanical study on pteridophytes used by the local people in greater Mymensingh district, Bangladesh. *Journal of Medicinal Plants Studies* 3(5): 1-07.
- Ahmed, Z.U., Begum, Z.N.T., Hassan, M.A., Khondker, M., Kabir, S.M.H., Ahmad, M., Ahmed, A.T.A., Rahman, A.K.A. and Haque, E.U. (Eds.). 2007. *Encyclopedia of Flora and Fauna of Bangladesh. Vol. 3. Algae: Chlorophyta*. Asiatic Society of Bangladesh, Dhaka.
- Ahmed, Z.U., Begum, Z.N.T., Hassan, M.A., Khondker, M., Kabir, S.M.H., Ahmad, M., Ahmed, A.T.A., Rahman, A.K.A. and Haque, E.U. (Eds.). 2007-2009. *Encyclopedia of Flora and Fauna of Bangladesh, Vols. 6-8 and 12*. Asiatic Society of Bangladesh, Dhaka.
- Ahmed, Z.U., Begum, Z.N.T., Hassan, M.A., Khondker, M., Kabir, S.M.H., Ahmad, M., Ahmed, A.T.A., Rahman, A.K.A. and Haque, E.U. (Eds.). 2008a. *Encyclopedia of Flora and Fauna of Bangladesh, Vol. 6. Angiosperms: Dicotyledons (Acanthaceae-Asteraceae)*. Asiatic Society of Bangladesh, Dhaka, pp. 1-408.
- Ahmed, Z.U., Begum, Z.N.T., Hassan, M.A., Khondker, M., Kabir, S.M.H., Ahmad, M., Ahmed, A.T.A., Rahman, A.K.A. and Haque, E.U. (Eds.). 2008b. *Encyclopedia of Flora and Fauna of Bangladesh, Vol. 7. Angiosperms: Dicotyledons (Balsaminaceae - Euphorbiaceae)*. Asiatic Society of Bangladesh, Dhaka, pp. 1-546.
- Ahmed, Z.U., Begum, Z.N.T., Hassan, M.A., Khondker, M., Kabir, S.M.H., Ahmad, M., Ahmed, A.T.A., Rahman, A.K.A. and Haque, E.U. (Eds.). 2008c. *Encyclopedia of Flora and Fauna of Bangladesh, Vol. 12. Angiosperms: Monocotyledons (Orchidaceae-Zingiberaceae)*. Asiatic Society of Bangladesh, Dhaka, pp. 1-552.
- Ahmed, Z.U., Begum, Z.N.T., Hassan, M.A., Khondker, M., Kabir, S.M.H., Ahmad, M., Ahmed, A.T.A., Rahman, A.K.A. and Haque, E.U. (Eds.). 2009a. *Encyclopedia of Flora and Fauna of Bangladesh, Vol. 8. Angiosperms: Dicotyledons (Fabaceae-Lythraceae)*. Asiatic Society of Bangladesh, Dhaka, pp. 1-478.
- Ahmed, Z.U., Hassan, M.A., Begum, Z.N.T., Khondker, M., Kabir, S.M.H., Ahmad, M. and Ahmed, A.T.A. (Eds.). 2009b. *Encyclopedia of Flora and Fauna of Bangladesh, Vol. 9. Angiosperms: Dicotyledons (Magnoliaceae-Punicaceae)*. Asiatic Society of Bangladesh, Dhaka, pp. 1-488.
- Ahmed, Z.U., Hassan, M.A., Begum, Z.N.T., Khondker, M., Kabir, S.M.H., Ahmad, M. and Ahmed, A.T.A. (Eds.). 2009c. *Encyclopedia of Flora and Fauna of Bangladesh, Vol. 10. Angiosperms: Dicotyledons (Ranunculaceae-Zygophyllaceae)*. Asiatic Society of Bangladesh, Dhaka, 1-580.
- Alam, M.K. 2008. Crypteroniaceae. In: Ahmed, Z.U., Hassan, M.A., Begum, Z.N.T., Khondker, M., Kabir, S.M.H., Ahmad, M., Ahmed, A.T.A., Rahman, A.K.A. and Haque, E.U. (Eds.). 2008. *Encyclopedia of Flora and Fauna of Bangladesh, Vol. 7. Angiosperms: Dicotyledons (Balsaminaceae-Euphorbiaceae)*. Asiatic Society of Bangladesh, Dhaka.
- Angiosperm Phylogeny Group 2016. An update of the Angiosperm Phylogeny Group classification for the orders and families of flowering plants: APG IV. *Botanical Journal of the Linnean Society* 181(1): 1-20.
- Ara, H. and Khan, B. 2008. Capparaceae. In: Ahmed, Z.U., Hassan, M.A., Begum, Z.N.T., Khondker, M., Kabir, S.M.H., Ahmad, M., Ahmed, A.T.A., Rahman, A.K.A. and Haque, E.U. (Eds.). *Encyclopedia of Flora and Fauna of Bangladesh, Vol. 7. Angiosperms: Dicotyledons (Balsaminaceae-Euphorbiaceae)*. Asiatic Society of Bangladesh, Dhaka.
- Ara, H. and Khan, B. 2009. Lecythidaceae. In: Ara, H. and Hassan, M.A. (Eds.). *Flora of Bangladesh. No. 60*. Bangladesh National Herbarium, Dhaka. pp. 05-08.
- Ara, H., Khan, B. and Uddin, S.N. (Eds.). 2013. *Red Data Book of Vascular Plants of Bangladesh, Vol. 2*. Bangladesh National Herbarium, Dhaka, Bangladesh, pp. 1-280.
- Bangladesh Forest Department (BFD). 2023. Protected areas of Bangladesh. Retrieved August 2023 from <https://bforest.gov.bd/>.
- Barkman, T.J., Chenery, G., Mcneal, J.R., Lyons-Weiler, J., Elli-Sens, W., Moore, G., Wolfe, A.D., and Depamphilis, C.W. 2000. Independent and combined analyses of sequences from all three genomic compartments converge on the root of flowering plant phylogeny. *Proceedings of the National Academy of Sciences, USA*, 97:13166-13171.
- Barthlott, W., Hostert, A., Kier, G., Küper, W., Kreft, H., Mutke, J., Rafiqpoor, M. D. and Sommer, J.H. 2007. Geographic Patterns of Vascular Plant Diversity at Continental to Global Scales (Geographische Muster der Gefäßpflanzenvielfalt im kontinentalen und globalen Maßstab). *Erdkunde* 61(4), 305-315.

- Basak, S.R. and Alam M.K. 2015. Annotated checklist of the tree flora of Bangladesh. Government of the People's Republic of Bangladesh. Bangladesh Forest Research Institute Chittagong, pp. 1-116.
- Cantino, P.H., Doyle, J.A., Graham, S.W., Judd, W.S., Olmstead, R.G., Douglas E. Soltis, D.E., Soltis, P.S. and Donoghue, M.J. 2007. Towards a phylogenetic nomenclature of Tracheophyta. *Taxon* 56(3):822-846.
- Champion, H.G., and Seth, S.K. 1968. A revised survey of the forest types of India. Government of India Press.
- Chen, S., Ferry Silk, J.W., Mao, L., Zhang, J., Sa, R., Zhou, K., Gao, J. 2015. Spatial patterns and environmental correlates of bryophyte richness: sampling effort matters. *Biodiversity and conservation* 24(3):593-607.
- Choudhury, A.M. 2002. Managing natural disasters in Bangladesh. Presented at the Dhaka Meet on Sustainable Development in Bangladesh: Achievements, Opportunities and Challenges at Rio+10 Organised by Bangladesh Unnayan Parishad, 16-18 March, 2002.
- Chowdhury, M.S.U. 1996. Bangladesh: Country report to the FAO International Technical Conference on Plant Genetic Resources, Leipzig, pp. 1-110.
- Christenhusz M.J.M. and Byng J.W. 2016. The number of known plants species in the world and its annual increase. *Phytotaxa* 261(3): 201-217.
- Christenhusz, M., Fay, M.F. and Chase, M.W. 2017. Plants of the World: An Illustrated Encyclopedia of Vascular Plants. Chicago, Illinois. Kew Publishing and The University of Chicago Press, pp. 18-637.
- Corlett, R.T. 2016. Plant diversity in a changing world: Status, trends, and conservation needs *Plant Diversity* 38(1): 10-16.
- Cowan, A.M. and Cowan, J.M. 1929. The trees of Northern Bengal- including shrubs, woody climbers, bamboos, palms and tree ferns. Bengal Secretariat Book Depot., Calcutta. India, pp. 1-178.
- Crepet, W.L. and Niklas, K.J. 2009. Darwin's second 'abominable mystery': Why are there so many angiosperm species? *American Journal of Botany* 96: 366-381.
- Das, D.K. and Alam, M.K. 2001. Trees of Bangladesh. Bangladesh Forest Research Institute, Chattogram, pp.1-342.
- Das, D.K. 1990. Forest types of Bangladesh. Bulletin 6. Plant Taxonomy Series. Bangladesh Forest Research Institute, Chittagong, Bangladesh, pp. 1-9.
- Das, S.C., Dev, P.K. and Rahman, M.A. 2012. Notes on The Rubiaceae. 4: Five New Records For Bangladesh. *Bangladesh Journal of Botany* 41(1): 21-28.
- Das, S.C., Rashid, M.H. and Rahman, M.A. 2009. Taxonomic revision of the genus *Pavetta* L. (Rubiaceae) of Bangladesh. *Plant Archives* 9(2): 813-820.
- FAO (Food and Agriculture Organization of the United Nations) 2006. Global Forest Resource Assessment 2005: Progress towards sustainable forest management. FAO Forestry Paper 147, Food and Agriculture Organization of the United Nations, Rome. 320 pp..
- Freiberg, M., Winter, M., Gentile, A., Zizka, A., Muellner-Riehl, A.N., Weigelt, A., Wirth, C. 2020. LCVP, The Leipzig catalogue of vascular plants, a new taxonomic reference list for all known vascular plants. *Scientific Data* 7:416.
- Geffert, J.L., Frahm, J.-P., Barthlott, W., Mutke, J. 2013. Global moss diversity: spatial and taxonomic patterns of species richness. *Journal of Bryology* 35 (1):1-11.
- Gerrienne, P., Meyer-Berthaud, B., Faron-Demaret, M., Streel, M. and Steemans, P. 2004. *Runcaria*, a Middle Devonian seed plant precursor. *Science* 306(5697): 856-858.
- Ghosh, L., Bose, D. and Neela, F.A. 2022. Exploration of pteridophytic flora of Rajshahi district, Bangladesh with special References to their medicinal potential and distribution. *Journal of Medicinal Plants* 10(3): 46-51.
- Govaerts, R. 2001. How many species of seed plants are there? *Taxon* 50: 1085-1090.
- Graham, S.W. and Olmstead, R.G. 2000. Utility of 17 chloroplast genes for inferring the phylogeny of the basal angiosperms. *American Journal of Botany* 87: 1712-1730.
- Haque, A.K., Khan, S.A., Uddin, S.N. and Shetu, S.S. 2018. An annotated checklist of the angiospermic flora of Rajkandi Reserve Forest of Moulvibazar, Bangladesh. *Bangladesh Journal of Plant Taxonomy* 25(2): 187-207.

- Haque, A.K.M.K., Khan, S.A., Uddin, S.N. and Rahim, M.A. 2016. Taxonomic checklist of the pteridophytes of Rajkandi Reserve Forest, Moulvibazar, Bangladesh. *Jahangirnagar University Journal of Biological Sciences* 5(2): 27-40.
- Heinig, R.L. 1925. List of plants of Chittagong Collectorate and Hill Tracts. The Bengal Government Branch Press, Darjeeling, India, pp. 1-84
- Hooker, J.D. 1872-1897. The Flora of British India, Vols. 1-7. L. Reeve & Co. Ltd., Kent, England.
- Hossain, G.M., Khan, S.A., Rahman, M.S. and Rahim, M.A. 2020. New records of three species and a variety of Angiosperms for Bangladesh. *Bangladesh Journal of Plant Taxonomy* 27(2): 251-260.
- Hossain, G.M., Khan, S.A., Rahman, S., Sharma, S., Rahim, M.A., and Khan, M.R.I. 2019. New records of three species and a genus of angiosperms for Bangladesh. *Bangladesh Journal of Plant Taxonomy* 26(2): 149-156.
- Hossain, G.M., Khan, S.A., Shetu, S.S., Rahman, M.S., Ahmed, F.A. and Ali, M.H. 2022. Floristic Survey of Vascular Plants in Coastal District Bagerhat of Bangladesh. *Bangladesh Journal of Plant Taxonomy* 29(1): 43-78.
- Hossain, G.M., Rahman, M.S. and Khan, S.A. 2015. Species composition, richness, density and distribution of climbers in relation to salinity in Sundarbans mangrove forest of Bangladesh. *International Journal of Chemical, Environmental & Biological Sciences* 3(1): 78-83.
- Hossain, G.M., Shetu, S.S., and Khan, S.A. 2023. Four new records for the vascular flora of Bangladesh. *Bangladesh Journal of Plant Taxonomy* 30(1): 21-30.
- Hossain, M. 2015. Handbook of selected plant species of the Sundarbans and the embankment ecosystem. Sustainable Development and Biodiversity Conservation in Coastal Protection Forests, Bangladesh (SDBC-Sundarbans). German Federal Ministry for Economic Cooperation and Development (BMZ) and Bangladesh Forest Department, under Ministry of Environment and Forests (MoEF), 115 pp.
- Hossain, M.I., Chowdhury, M.M. and Iqbal, K.F. 2008. A survey on the faunal diversity of Savar Upazilla, Dhaka, Bangladesh. *Pakistan Journal of Biological Sciences*, 11(3): 373-379.
- Hossain, M.K., Alim, A., Hossen, S., Hossain, M.A. and Rahman, A. 2020. Diversity and conservation status of tree species in Hazarikhil Wildlife Sanctuary (HWS) of Chittagong, Bangladesh. *Geology, Ecology and Landscapes*, 4(4): 298-305.
- Huda, M.K. 2007. An updated enumeration of the family Orchidaceae from Bangladesh. *The Journal of the Orchid Society India* 21:35-49.
- Huda, M.K., Hoque, M.M. and Alam, M.O. 2019. Three new species records of the genus *Pinalia* Lindl. (Orchidaceae) for Bangladesh. *Bangladesh Journal of Plant Taxonomy* 26(2): 197-203.
- Huda, M.K., Hoque, M.M. and Alam, M.O. 2020. Three new Angiospermic (Orchidaceae) records from Bangladesh. *Jahangirnagar University Journal of Biological Sciences* 9(1&2): 123-132.
- Irfanullah, H.M. 2011. Conserving threatened plants of Bangladesh: Miles to go before we start? *Bangladesh Journal of Plant Taxonomy* 18(1): 81-91.
- Islam, K.K. and Uddin, N.S. 2020. Vascular Flora of Poly and Remakri Pransha forest Range under Bandarban districts in Bangladesh. *Bulletin of Bangladesh National Herbarium* 7: 56-144.
- Islam, S.S. 2003. State of forest genetic resources conservation and management in Bangladesh. Forest Genetic Resources Working Papers, Working Paper FGR/68E. Forest Resources Development Service, Forest Resources Division, FAO, Rome.
- IUCN Bangladesh 2003. Bangladesher Bipanno Bonno Prani (Threatened wild animals of Bangladesh). IUCN – The World Conservation Union, Dhaka, pp. 1-294. (in Bangla)
- IUCN Bangladesh. 2015. *Red List of Bangladesh Volume 1: Summary*. IUCN, International Union for Conservation of Nature, Bangladesh Country Office, Dhaka, Bangladesh, pp. xvi+122.
- IUCN, The World Conservation Union, 2001. IUCN Red List Categories and Criteria. Version 3.1. IUCN, Gland, Switzerland and Cambridge, UK.
- IUCN. 2012. IUCN Red List Categories and Criteria: Version 3.1. Second edition. IUCN, Gland, Switzerland and Cambridge, UK, pp. iv + 32.
- Jone, M. and Islam, M.A. 2021. Pteridophytes (Ferns and Fern Allies) diversity in Bangladesh Agricultural University Botanical Garden. *Journal of Plant Sciences* 9(2): 1-8.

- Joppa, L.N., Visconti, P., Jenkins, C.N., & Pimm, S.L. 2013. Achieving the convention on biological diversity's goals for plant conservation. *Science* 341(6150): 1100-1103.
- Kachenko, A.G., Singh, B. and Bhatia, N.P. 2007. Heavy metal tolerance in common fern species. *Australian Journal of Botany* 55(1): 63-73.
- Kathiresan, K. and Bingham, B.L. 2001. Biology of mangroves and mangrove ecosystems. *Advances in Marine Biology* 40: 81-251. doi:10.1016/s0065-2881(01)40003-4.
- Kato, M. and Imaichi, R. 1997. Morphological Diversity and Evolution of Vegetative Organs in Pteridophytes. In: K. Iwatsuki *et al.* (Eds.), *Evolution and Diversification of Land Plants*. Springer-Verlag, Tokyo.
- Khan, M.M and Hossain M.S. 2003. *Flora of Bangladesh, Fasc. 54*. Bangladesh National Herbarium.
- Khan, M.S. (Ed.). 1972-1987. *Flora of Bangladesh, Fasc. 1-39*. Bangladesh National Herbarium, Dhaka.
